

ISSN 2227-9776



মুজিববর্ষের
শতবর্ষ 100

মুজিববর্ষের অঙ্গীকার,
উন্নয়ন-অর্থায়নের উৎস
হবে পুঁজিবাজার

সি এম ই বাজার পরিক্রমা

আগস্ট ২০২২

- শেয়ারবাজার পর্যালোচনা : নৈর্বাঙ্কিক দিকসমূহ
ড. মোহাম্মদ সালেহ জহুর
- অর্থনৈতিক উন্নয়নে ডেরিভেটিভ মার্কেটের ভূমিকা
ড. ইমন কল্যাণ চৌধুরী



চিটাগং স্টক এক্সচেঞ্জ পিএলসি

বোর্ড অব ডাইরেক্টরস্

আসিফ ইব্রাহিম	চেয়ারম্যান
অধ্যাপক এস. এম. সালামত উল্লাহ ভূঁইয়া	ডাইরেক্টর
এস. এম. আবু তৈয়ব	ডাইরেক্টর
সোহেল মোহাম্মদ শাকুর	ডাইরেক্টর
মোঃ লিয়াকত হোসেন চৌধুরী, এফসিএ, এফসিএমএ	ডাইরেক্টর
ব্যারিষ্টার আনিতা গাজী ইসলাম	ডাইরেক্টর
সৈয়দ মোহাম্মদ তানভীর	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
মোঃ সিদ্দিকুর রহমান	ডাইরেক্টর
মোহাম্মদ মহিউদ্দিন, এফসিএমএ	ডাইরেক্টর
মোঃ রেজাউল ইসলাম	ডাইরেক্টর
মোঃ গোলাম ফারুক	ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৫.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭
ড. এ. কে. আবদুল মোমেন	১৩.০২.২০১৭ থেকে ০৮.০১.২০১৯
মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	৩১.০৩.২০১৯ থেকে ২৪.০২.২০২০

উপদেষ্টা

মোহাম্মদ মহিউদ্দিন, এফসিএমএ
পরিচালক

এডিটোরিয়াল প্যানেল

মোঃ গোলাম ফারুক
ম্যানেজিং ডিরেক্টর (এক্সিটং)

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

মাসুদা বেগম
ডেপুটি ম্যানেজার

চিটাগং স্টক এক্সচেঞ্জ পিএলসি

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আশ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : +৮৮ ০২৩৩৩৩১৪৬৩২-৩, ০২৩৩৩৩২০৮৭১-৩, ০২৩৩৩৩২৬৮০১-৫
ফ্যাক্স : +৮৮ ০২৩৩৩৩১৪১০১, ৮৮ ০২৩৩৩৩২৬৮১০
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : +৮৮ ০২ ৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২ ৯৫১৩৯০৬

সিলেট অফিস :

আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : +৮৮০ ৮২১ ৭২১২১৩, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বন করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির ধাক্কা লাগে শেয়ারবাজারেও। ৫ অগাস্ট ডিজেল, কেরোসিন, অকটেন ও পেট্রলের দাম বাড়ানোর পর থেকে শেয়ারবাজারে দরপতন শুরু হয়। জ্বালানির দাম বাড়ার পর লেনদেন হওয়া তিন কার্যদিবসেই সূচক ও শেয়ারের দাম কমে। বাজার-সংশ্লিষ্ট ব্যক্তিগণ বলছেন, এরই মধ্যে এক যুগের বেশি সময় ধরে পুঁজিবাজারে ব্যাংকের বিনিয়োগ হিসাবায়ন নিয়ে চলে আসা অমীমাংসিত সমস্যার সমাধান হয়। বাংলাদেশ ব্যাংক এ-সংক্রান্ত নির্দেশনা জারি করে। সেখানে বলা হয়, এখন থেকে পুঁজিবাজারে ব্যাংকের বিনিয়োগসীমা বা এক্সপোজার লিমিটের হিসাব হবে সিকিউরিটিজের বা শেয়ারের ক্রয়মূল্যের ভিত্তিতে। ২০১০ সালে শেয়ারবাজার ধসের আগে থেকে শেয়ারবাজার-সংশ্লিষ্ট ব্যক্তির এ দাবিতে সোচ্চার ছিলেন। প্রায় এক যুগ পরে এসে সেই দাবি বাস্তব রূপ পায়। তার আগে গত ৩১ জুলাই দরপতন ঠেকাতে দ্বিতীয়বারের মতো শেয়ারের সর্বনিম্ন মূল্য বা ফ্লোর প্রাইস বেঁধে দেয় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন। বড় এ দুই সিদ্ধান্তের পর শেয়ারবাজার-সংশ্লিষ্ট ব্যক্তিগণ ভেবেছিলেন, মন্দাবাজারে গতি ফিরবে। সেই আশায় ছিলেন বিনিয়োগকারীরা। কিন্তু জ্বালানির মূল্যবৃদ্ধির ফলে বিনিয়োগকারীদের সেই আশা পূরণ হয় না।

অর্থনৈতিক অনিশ্চয়তা, জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিজনিত শঙ্কা থেকে সাধারণ বিনিয়োগকারীরা অনেকটাই ভীতসন্ত্রস্ত হয়ে পড়েন। বিশেষ করে, সাম্প্রতিক সময়ে জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধি বিনিয়োগকারীদের এ ভীতি আরও বাড়িয়ে দেয়। কারণ, জ্বালানির দাম বাড়ার কারণে শিল্প খাত থেকে শুরু করে সাধারণ মানুষ সবার ওপর চাপ তৈরি হবে। শিল্পের উৎপাদন খরচ বাড়বে। এ কারণে শেয়ারবাজারেও তার নেতিবাচক প্রভাব পড়ছে। তাই বাজারে এখন ক্রেতার চেয়ে বিক্রেতা বেশি। এদিকে আমদানি খরচ বাড়ায় গত মে মাস থেকে দেশে ডলারের সঙ্কট চলছে। চলতি মাসের প্রথম সাত দিনে ৫৫ কোটি ডলার প্রবাসী আয় আসে। আমদানি কমায় এবং প্রবাসী ও রপ্তানি আয় বাড়ায় ডলার-সঙ্কট কেটে যাওয়ার আশা করছে বাংলাদেশ ব্যাংক। ওদিকে করোনার প্রকোপের আগে চীন রপ্তানি সক্ষমতা ধরে রাখতে তাদের মুদ্রার বড় ধরনের অবমূল্যায়ন করে। ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত চীন অবমূল্যায়ন করে ৩৩ শতাংশ। চীনের সেই সিদ্ধান্তের কারণে প্রতিযোগী দেশগুলোও একই পথে হাঁটতে বাধ্য হয়। তখন একে মুদ্রাযুদ্ধ বলে অভিহিত করা হয়। ব্যতিক্রম ছিল বাংলাদেশ। তখনও কেন্দ্রীয় ব্যাংক টাকার মূল্যমান ধরে রাখে। রপ্তানিকারকের পক্ষ থেকে টাকার অবমূল্যায়নের দাবি উঠলেও কেন্দ্রীয় ব্যাংক টাকার মান ধরে রাখার নীতিতেই অটল থাকে। অথচ অর্থনীতি থাকে যথেষ্ট স্বস্তিদায়ক অবস্থায়।

করোনা-পরবর্তী চাহিদার কারণে আন্তর্জাতিক বাজারে প্রায় সব ধরনের পণ্যের দাম অস্বাভাবিকভাবে বেড়ে যায়। দেশের ভেতরেও পণ্যের চাহিদা বাড়ে। ফলে আমদানি বৃদ্ধি পায়। দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে আমদানি ব্যয়ের বড় অংশই মেটানো হয়। ফলে রিজার্ভের ওপর হঠাৎ করে চাপ বাড়ে। নিতাপ্রয়োজনীয় পণ্য আমদানিতে কখনও এখনকার মতো পরিস্থিতির মুখে পড়তে হয়নি। বিশেষ করে ডলার নিয়ে অনিশ্চয়তায় ব্যবসা চালানো এখন কঠিন হয়ে পড়ছে। এ অবস্থায় বাধ্য হয়ে আমদানি কমিয়ে ফেলতে হচ্ছে বলে পত্রিকান্তরে জানা যায়। কাস্টমস কর্তৃপক্ষ আগস্ট মাসের ডলারের নতুন বিনিময় হার প্রকাশ করে। বিনিময় হার বৃদ্ধি পাওয়ায় পণ্যের এবার শুষ্ক-করও বাড়তি দিতে হবে। আমদানি নিয়ন্ত্রণ করে ডলার-সঙ্কট কাটানো যাবে না বলেই সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের অভিমত।

অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসেবে ডলারে আমানত রাখলে তার ওপর এখন বেশি সুদ দেবে ব্যাংকগুলো। কেন্দ্রীয় ব্যাংক এই সুদের হার নির্ধারণ করে দেয় ডলারে আমানতকারীরা ৪ থেকে ৫ শতাংশ পর্যন্ত সুদ পাবেন। এই আমানতে সুদের হার নির্ধারণের ফলে প্রবাসী বাংলাদেশীরা অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসেবে অর্থ জমা করতে আগ্রহী হবেন। এতে ব্যাংকগুলোর কাছে ডলারের আমানত বাড়বে। ডলারের বাজার নিয়ন্ত্রণে সরকার ও বাংলাদেশ ব্যাংক সর্বাঙ্গিক পদক্ষেপ নেবে বলে আশা করা যায়। এতে চলমান ডলার সঙ্কটের কারণে সমগ্র অর্থনীতিতে সৃষ্ট এক ধরনের অস্থিরতা হ্রাস পাবে।

সূচিপত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক	০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ	০৬
এক্সচেঞ্জ সংবাদ	০৯
শেয়ারবাজার পর্যালোচন - নৈর্ব্যক্তিক দিকসমূহ ড. মোহাম্মদ সালাহ জহুর	১৩
অর্থনৈতিক উন্নয়নে ডেরিভেটিভ মার্কেটের ভূমিকা ড. ইমন কল্যাণ চৌধুরী	১৮
অর্থনৈতিক সংবাদ	২৬
কর্পোরেট সংবাদ	২৭
বিএসইসি অ্যাকশনস্	৩৯

সিএসই বাজার পরিসংখ্যান

সিএসই বিলবোর্ড ও সেক্টোরাল ইনডেক্স : জুলাই ২০২২	৩৯
সিএসই বাজার গতিপ্রকৃতি : জুলাই ২০২২	৪০
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : জুলাই ২০২২	৪১
খাতভিত্তিক পরিসংখ্যান ও সিএসই এসএমই বোর্ড : জুলাই ২০২২	৪৩
লেনদেনে শীর্ষ খাত : জুলাই ২০২২ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : জুলাই ২০২২	৪৪
শীর্ষ ২০ সক্রিয় ট্রেড হোল্ডারস্ : জুলাই ২০২২	৪৫
ক্যাটাগরিভিত্তিক লেনদেন শেয়ারসংখ্যা/ লেনদেন মূল্য : জুলাই ২০২২	৪৬
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জুলাই ২০২২	৪৭
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : জুলাই ২০২২	৪৮
সিএসই শরিয়াহ্ মূল্য সূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জুলাই ২০২২	৪৯
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন	৫৩
বিনিয়োগ খাত, মূল্য-এনএভি অনুপাত : জুলাই ২০২২	৫৭
বিনিয়োগ খাতের গতিপ্রকৃতি : জুলাই ২০২২	৫৮
কোম্পানি পরিসংখ্যান : জুলাই ২০২২	৫৯

Economic Outlook

17 August 2022

1.		16 August 2021	30 June, 2022 ^R	31 July 2022 ^R	16 August 2022			
	Foreign Exchange Reserve (In million US\$)	46088.82	41826.73	39599.91	39547.55			
2.		16 August 2021	30 June, 2022	31 July 2022	16 August 2022			
	Interbank Taka-USD Exchange Rate (Average)	84.8452	93.4500	94.7000	95.0000			
3.		16 August 2021	30 June, 2022	31 July 2022	16 August 2022			
	Call Money Rate							
	Weighted Average Rate	1.70	4.42	5.56	5.45			
4.		16 August 2021	30 June, 2022	16 August 2022	Percentage change			
	Broad/Overall Share Price Index				From June, 2022	From June, 2021		
	a) Dhaka Stock Exchange (DSE) [®]	6748.92	6376.94	6225.91	-2.37	9.73		
	b) Chittagong Stock Exchange (CSE)	19650.13	18727.52	18313.85	-2.21	10.42		
5.		July, 2021	July-June, FY21	July, 2022 ^P	July-June, FY22 ^P	FY2019-20		
	a) Wage Earners' Remittances (In million US\$)	1871.49	24777.71	2096.91	21031.68	18205.01		
	b) Annual Percentage Change	-27.97	36.10	12.04	-15.12	10.87		
6.		June, 2021	July-June, FY21	June, 2022 ^P	July-June, FY22 ^P	FY2019-20		
	a) Import (C&F) (In million US\$)	6969.00	65594.70	7665.80	89162.30	54784.70		
	b) Annual Percentage Change	44.95	19.73	10.00	35.93	-8.56		
		June, 2021	July-June, FY21	June, 2022 ^P	July-June, FY22 ^P	FY2019-20		
	a) Import(f.o.b) (In million US\$)	6447.00	60681.00	7095.00	82495.00	50690.00		
	b) Annual Percentage Change	44.97	19.71	10.05	35.95	-8.57		
7.		July, 2021	July-June, FY21	July, 2022 ^P	July-June, FY22 ^P	FY2019-20		
	a) Export (EPB) (In million US\$)*	3473.43	38758.31	3984.82	52082.66	33674.09		
	b) Annual Percentage Change	-11.19	15.10	14.72	34.38	-16.93		
8.		July-June, 2021		July-June, 2022 ^P	FY 2019-20 ^R			
	Current Account Balance (In million US\$)	-4575.0		-18697.0	-5435.0			
9.		May, 2021	July-May, FY21	May, 2022 ^P	July-May, FY22 ^P	FY2020-21		
	a) Tax Revenue (NBR) (Tk. in crore)	22489.01	220072.53	25164.17	252920.76	259881.80		
	b) Annual Percentage Change	67.16	16.74	11.90	14.93	18.99		
10.		June, 2021	July-June, FY21	June, 2022 ^R	July-June, FY22 ^R	FY2019-20		
	Investment in National Savings Certificates (Tk. in crore)							
	a) Net sale	4573.56	41959.54	1749.63	19915.75	14428.35		
	b) Total Outstanding	344093.90	344093.90	364010.13	364010.13	302134.35		
11.		June, 2020	June, 2021	June, 2022 ^P	Percentage change			
					FY2021-22	FY2020-21	FY2019-20	FY2018-19
	a) Reserve Money (RM) (Tk. in crore)	284483.40	348071.80	347162.10	-0.26	22.35	15.56	5.32
	b) Broad Money (M2) (Tk. in crore)	1373735.00	1560895.20	1708122.40	9.43	13.62	12.64	9.88
	Total Domestic Credit (Tk. in crore)	<u>1307633.70</u>	<u>1439899.00</u>	<u>1671748.90</u>	<u>16.10</u>	<u>10.11</u>	<u>14.02</u>	<u>12.17</u>
12.								
	a) Net Credit to the Govt. Sector	181150.70	221025.90	283314.60	28.18	22.01	59.92	18.10
	b) Credit to the Other Public Sector	29215.10	30017.80	37198.70	23.92	2.75	25.09	24.32
	c) Credit to the Private Sector	1097267.90	1188855.30	1351235.60	13.66	8.35	8.61	11.29

	July-June, FY21		July-June, FY22 ^P		Percentage change				
	Opening	Settlement	Opening	Settlement	July-June, FY22			FY 2020-21	
					Opening	Settlement	Settlement		
L/C Opening and Settlement (million US\$)	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Settlement		
13. a) Consumer Goods	7812.68	6806.99	9837.10	8678.67	25.91	27.50	18.73		
b) Capital Machinery	5702.59	3741.76	6463.68	5267.54	13.35	40.78	-12.39		
c) Intermediate Goods	6143.81	5314.96	7882.05	7187.29	28.29	35.23	3.91		
d) Petroleum	4407.92	4289.64	9364.49	9273.23	112.45	116.18	-5.14		
e) Industrial Raw Materials	24419.38	20225.99	33401.99	29738.75	36.78	47.03	11.01		
f) Others	18551.04	16877.06	25285.38	23536.25	36.30	39.46	9.64		
Total	67037.42	57256.40	92234.69	83681.73	37.59	46.15	7.52		
14. Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)	December, 2018	June, 2019	December, 2020	June, 2021	September, 2021	December, 2021	March, 2022	June, 2022	July, 2022
a) Twelve Month Average Basis	5.55	5.48	5.69	5.56	5.50	5.55	5.75	6.15	6.33
b) Point to Point Basis	5.35	5.52	5.29	5.64	5.59	6.05	6.22	7.56	7.48
Corresponding Period	December, 2017	June, 2018	December, 2019	June, 2020	September, 2020	December, 2020	March, 2021	June, 2021	July, 2021
a) Twelve Month Average Basis	5.70	5.78	5.59	5.65	5.59	5.69	5.63	5.56	5.54
b) Point to Point Basis	5.83	5.54	5.75	6.02	5.97	5.29	5.47	5.64	5.36
15. Classified Loan	December, 2018	June, 2019	December, 2019	June, 2020	December, 2020	June, 2021	December, 2021	March, 2022	June, 2022
a) Percentage Share of Classified Loan to Total Outstanding	10.30	11.69	9.32	9.16	7.66	8.18	7.93	8.53	8.96
b) Percentage Share of Net Classified Loan	2.18	2.53	1.02	0.15	-1.18	-0.47	-0.43	-0.07	0.49
16. Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)	May'21	June'21	July-June'20-21	May,'22	June,'22 ^P	July-June'21-22 ^P	FY 2019-20	FY 2018-19	FY 2017-18
a) Disbursement **	1597.65	3540.96	25511.35	2210.01	2867.48	28834.21	22749.03	23616.25	21393.55
b) Recovery	2000.54	3686.82	27123.90	2033.76	3402.15	27463.41	21245.24	23734.32	21503.12
c) Outstanding	45237.50	45939.80	45939.80	49551.28	49802.28	49802.28	45592.86	42974.29	40601.11
17. SME Loan (Tk. in crore)	Apr-Jun.'19-20	Oct-Dec.'20-21	Jan-Mar.'20-21	Apr-Jun.'20-21	Jul-Sep.'21-22	Oct-Dec.'21-22 ^P	Jan-Mar.'21-22 ^P	2021	2020
a) Disbursement	28063.70	48980.98	44445.67	41788.73	42075.49	57118.60	51716.69	185428.48	153496.15
c) Outstanding	221695.35	237653.44	240169.54	243074.82	245325.67	252082.09	25970*.21	252082.09	237653.44
18. Industrial Term Loan (Tk. in crore)	Apr-Jun.'19-20	Oct-Dec.'20-21	Jan-Mar.'20-21	Apr-Jun.'20-21	Jul-Sep.'21-22	Oct-Dec.'21-22 ^P	Jan-Mar.'21-22 ^P	FY 2020-21	FY 2019-20
a) Disbursement	12132.03	16499.23	17379.01	19430.74	14834.23	18772.59	17340.49	68765.25	74257.02
b) Recovery	10187.76	15538.37	16893.10	14734.86	12979.47	18477.42	16572.97	58488.71	69723.89
c) Outstanding	277351.09	275311.09	299048.73	315294.16	303329.12	308918.45	310572.40	1163938.15	277351.09
19. GDP Growth Rate (in percent, Base: 2005-06=100)	2013-14	2014-15	2015 -16	2016 -17 ^N	2017-18 ^N	2018-19 ^N	2019-20 ^N	2020-21 ^{NR}	2021-22 ^P
	6.06	6.55	7.11	6.59	7.32	7.88	3.45	6.94	7.25

Note: ** = About 101.56% of the target for Agricultural Credit disbursement has been achieved in FY2021-22. P=Provisional, R=Revised, N= new base: 2015-16.

@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.

*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodities) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

World Bank Commodities Price Data (The Pink Sheet)
2-Aug-2022

Commodity	Unit	Annual Averages			Quarterly Averages				Monthly Averages				
		Jan-Dec	Jan-Dec	Jan-Dec	Apr-Jun	Jul-Sep	Oct-Dec	Jan-Mar	Apr-Jun	May	Jun	Jul	
		2019	2020	2021	2021	2021	2021	2022	2022	2022	2022	2022	
Energy													
Coal, Australia	\$/mt	a/	77.9	60.8	138.1	109.7	169.1	183.9	197.0	
Coal, South Africa	\$/mt		71.9	65.7	119.8	100.5	135.4	156.7	219.8	289.0	280.0	284.9	306.4
Crude oil, average	\$/bbl		61.4	41.3	69.1	67.1	71.7	78.3	96.6	110.1	110.1	116.8	105.1
Crude oil, Brent	\$/bbl	a/	64.0	42.3	70.4	68.6	73.0	79.6	99.0	112.7	112.4	120.1	108.9
Crude oil, Dubai	\$/bbl		63.2	42.2	68.8	66.4	71.4	77.9	96.5	108.9	108.3	115.7	106.5
Crude oil, WTI	\$/bbl		57.0	39.3	68.0	66.1	70.6	77.3	94.5	108.7	109.6	114.6	99.9
Natural gas, Index	2010=100		61.1	45.5	130.7	83.2	140.3	220.5	221.8	251.8	248.8	263.2	343.3
Natural gas, Europe **	\$/mmbtu	a/	4.80	3.24	16.12	8.79	16.93	32.23	32.63	31.64	29.17	33.56	51.33
Natural gas, U.S.	\$/mmbtu	a/	2.57	2.01	3.85	2.91	4.32	4.74	4.62	7.45	8.14	7.67	7.26
Liquefied natural gas, Japan	\$/mmbtu	a/	10.56	8.31	10.76	8.94	10.87	14.32	15.60	16.17	16.68	15.53	16.44
Non Energy Commodities													
Agriculture													
Beverages													
Cocoa	\$/kg	b/	2.34	2.37	2.43	2.38	2.46	2.45	2.49	2.38	2.37	2.32	2.24
Coffee, Arabica	\$/kg	b/	2.88	3.32	4.51	4.02	4.75	5.64	5.95	5.88	5.74	6.03	5.64
Coffee, Robusta	\$/kg	b/	1.62	1.52	1.98	1.76	2.16	2.41	2.38	2.28	2.27	2.29	2.21
Tea, average	\$/kg		2.56	2.70	2.69	2.69	2.70	2.81	2.75	3.06	2.99	2.96	3.33
Tea, Colombo	\$/kg	b/	3.10	3.40	3.13	3.07	2.99	3.12	3.49	3.77	3.71	3.51	4.08
Tea, Kolkata	\$/kg	b/	2.38	2.69	2.83	3.12	3.06	2.82	2.14	3.08	2.87	3.27	3.55
Tea, Mombasa	\$/kg	b/	2.21	2.01	2.11	1.89	2.05	2.50	2.65	2.34	2.38	2.11	2.37
Food													
Oils and Meals													
Coconut oil	\$/mt	b/	736	1,010	1,636	1,682	1,521	1,860	2,131	1,869	1,813	1,701	1,541
Fishmeal	\$/mt		1,448	1,433	1,481	1,501	1,497	1,441	1,463	1,629	1,634	1,608	1,581
Groundnuts	\$/mt		1,338	1,839	1,555	1,442	1,459	1,522	1,489	1,511	1,483	1,607	1,621
Groundnut oil **	\$/mt	b/	1,407	1,698	2,075	2,057	2,101	2,146	2,372	2,146	2,146	2,146	2,146
Palm oil	\$/mt	b/	601	752	1,131	1,073	1,129	1,307	1,548	1,634	1,717	1,501	1,057
Palmkernel oil	\$/mt		665	824	1,533	1,473	1,348	1,910	2,360	1,810	1,811	1,555	1,301
Soybean meal	\$/mt	b/	347	394	481	471	469	452	566	546	530	528	536
Soybean oil	\$/mt	b/	765	838	1,385	1,493	1,434	1,446	1,674	1,887	1,963	1,752	1,533
Soybeans	\$/mt	b/	369	407	583	620	581	552	663	727	724	737	678
Grains													
Barley	\$/mt	b/	128.1	97.6
Maize	\$/mt	b/	170.1	165.5	259.5	288.7	256.9	251.0	301.6	342.9	344.8	335.7	323.0
Rice, Thailand 5%	\$/mt	b/	418.0	496.8	458.3	484.7	405.7	400.3	425.3	446.3	464.0	444.0	418.0
Rice, Thailand 25%	\$/mt		410.4	481.8	448.3	474.0	396.7	394.0	420.0	442.7	458.0	441.0	412.0
Rice, Thailand A1	\$/mt		393.5	474.6	436.1	459.6	386.4	380.7	405.4	426.5	442.9	427.6	405.7
Rice, Vietnam 5%	\$/mt		351.9	428.0	446.3	480.0	402.6	406.2	390.6	406.9	406.5	411.9	411.1
Sorghum	\$/mt		161.5	171.6
Wheat, U.S., HRW **	\$/mt	b/	201.7	231.6	315.2	287.9	318.8	370.3	417.0	492.4	522.3	459.6	382.5
Wheat, U.S., SRW **	\$/mt		211.3	227.7	281.7	271.9	264.8	331.2	370.4	415.2	438.4	379.9	316.7
Other Food													
Bananas, EU	\$/kg		0.88	0.90	0.92	0.96	0.88	0.90	0.95	0.96	0.96	0.95	0.89
Bananas, U.S.	\$/kg	b/	1.14	1.22	1.21	1.23	1.22	1.15	1.26	1.45	1.46	1.44	1.53
Meat, beef	\$/kg	b/	4.76	4.67	5.39	5.44	5.62	5.87	6.14	6.06	6.08	5.98	5.84
Meat, chicken	\$/kg	b/	2.00	1.63	2.26	2.34	2.38	2.47	3.02	3.68	3.70	3.67	3.54
Meat, sheep	\$/kg	
Oranges	\$/kg	b/	0.56	0.60	0.65	0.61	0.72	0.68	0.76	0.92	0.92	0.94	0.84
Shrimp	\$/kg		12.60	12.67	13.70	12.85	15.43	14.53	14.87	14.99	15.13	14.86	14.04
Sugar, EU	\$/kg	b/	0.37	0.37	0.39	0.39	0.38	0.37	0.37	0.35	0.35	0.35	0.33
Sugar, U.S.	\$/kg	b/	0.58	0.59	0.74	0.71	0.78	0.81	0.79	0.80	0.80	0.79	0.77
Sugar, World	\$/kg	b/	0.28	0.28	0.39	0.37	0.42	0.42	0.41	0.43	0.43	0.42	0.40

continued on next page

World Bank Commodities Price Data (The Pink Sheet)

2-Aug-2022

Commodity	Unit	Annual Averages			Quarterly Averages				Monthly Averages			
		Jan-Dec	Jan-Dec	Jan-Dec	Apr-Jun	Jul-Sep	Oct-Dec	Jan-Mar	Apr-Jun	May	Jun	Jul
		2019	2020	2021	2021	2021	2021	2022	2022	2022	2022	2022
Raw Materials												
Timber												
Logs, Africa	\$/cum	391.9	399.5	414.2	421.8	412.6	400.4	393.0	373.1	370.3	370.1	356.5
Logs, S.E. Asia	\$/cum b/	273.1	278.9	271.4	272.0	270.4	261.9	256.2	229.7	231.1	222.3	217.8
Plywood	¢/sheets	500.9	511.6	497.7	498.9	496.0	480.3	469.8	421.3	424.0	407.7	399.4
Sawnwood, Africa	\$/cum	611.8	615.2	659.3	670.0	660.3	646.3	643.2	602.6	596.8	590.7	574.6
Sawnwood, S.E. Asia	\$/cum b/	695.9	699.7	750.0	762.1	751.0	735.2	731.6	685.5	678.8	671.8	653.6
Other Raw Materials												
Cotton	\$/kg b/	1.72	1.59	2.23	2.03	2.22	2.67	3.02	3.48	3.61	3.40	2.89
Rubber, RSS3	\$/kg b/	1.64	1.73	2.07	2.19	1.85	1.91	2.07	2.06	2.06	2.03	1.78
Rubber, TSR20	\$/kg	1.41	1.33	1.68	1.66	1.65	1.73	1.77	1.65	1.62	1.64	1.56
Fertilizers												
DAP	\$/mt	306.4	312.4	601.0	574.3	620.0	714.9	794.9	860.1	842.5	783.8	784.0
Phosphate rock	\$/mt b/	88.0	76.1	123.2	107.5	136.5	159.1	174.8	264.0	255.0	287.5	320.0
Potassium chloride	\$/mt b/	255.5	217.8	210.2	202.5	214.8	221.0	391.8	562.5	562.5	562.5	562.5
TSP	\$/mt b/	294.5	265.0	538.2	518.5	561.3	656.6	718.8	810.0	827.5	746.5	736.0
Urea, E. Europe **	\$/mt b/	245.3	229.1	483.2	351.0	435.7	828.5	821.0	774.2	707.5	690.0	601.0
Metals and Minerals												
Aluminum	\$/mt b/	1,794	1,704	2,473	2,400	2,645	2,755	3,250	2,879	2,830	2,563	2,408
Copper	\$/mt b/	6,010	6,174	9,317	9,706	9,382	9,703	9,985	9,521	9,377	9,024	7,545
Iron ore	\$/dmt b/	93.8	108.9	161.7	200.7	166.9	112.0	142.5	137.7	131.2	130.7	108.6
Lead	\$/mt b/	1,997	1,825	2,200	2,128	2,333	2,326	2,325	2,196	2,142	2,066	1,985
Nickel	\$/mt b/	13,914	13,787	18,465	17,359	19,112	19,770	26,765	28,951	28,063	25,659	21,482
Tin	\$/mt b/	18,661	17,125	32,384	31,026	34,644	38,768	43,242	36,773	35,769	31,559	25,396
Zinc	\$/mt b/	2,550	2,266	3,003	2,916	2,990	3,357	3,727	3,914	3,751	3,630	3,105
Precious Metals												
Gold	\$/toz c/	1,392	1,770	1,800	1,815	1,789	1,796	1,873	1,874	1,849	1,837	1,733
Platinum	\$/toz c/	864	883	1,091	1,182	1,023	1,000	1,029	960	958	957	869
Silver	\$/toz c/	16.2	20.5	25.2	26.7	24.3	23.4	24.0	22.7	21.9	21.6	19.1
World Bank commodity price indices for low and middle income countries (2010=100)												
Energy		78.3	52.7	95.4	87.0	100.6	116.9	138.6	161.5	160.6	170.7	168.6
Non Energy Commodities		81.7	84.4	112.0	113.1	113.2	117.2	130.5	133.8	133.5	128.0	116.6
Agriculture		83.3	87.5	108.7	109.1	109.0	112.9	125.2	132.4	133.9	128.9	119.3
Beverages		76.1	80.4	93.5	87.7	96.9	106.3	108.8	108.3	106.4	108.3	105.8
Food		87.0	93.1	121.8	123.6	122.3	125.8	144.2	156.5	159.0	151.5	138.6
Oils and Meals		77.5	89.8	127.1	128.1	126.5	130.7	156.3	162.9	165.2	155.8	135.3
Grains		89.0	95.3	123.8	128.4	120.6	125.4	143.5	163.9	169.0	157.9	144.8
Other Food		97.7	95.5	113.1	113.4	118.4	119.6	128.8	141.3	141.9	140.1	137.3
Raw Materials		78.0	77.6	84.5	84.9	82.8	84.9	87.3	86.3	86.9	84.5	79.3
Timber		85.6	86.4	90.4	91.6	90.5	88.3	87.5	81.2	80.7	79.4	77.3
Other Raw Materials		69.8	67.9	78.0	77.5	74.5	81.1	87.0	91.9	93.6	90.2	81.4
Fertilizers		81.4	73.2	132.2	109.1	129.1	194.7	210.0	233.1	223.1	221.2	213.1
Metals and Minerals		78.4	79.1	116.4	121.8	120.1	117.4	132.6	125.4	122.5	115.7	100.2
Base Metals	d/	81.6	80.2	117.7	118.1	121.4	126.8	140.7	132.6	130.0	121.8	106.1
Precious Metals		105.4	133.5	140.2	142.8	138.6	138.1	143.6	142.3	139.9	138.9	129.8

Notes and Abbreviations:

a/ Included in the energy index; b/ Included in the non-energy index; c/ Included in the precious metals index; d/ Metals and Minerals excluding iron ore.

\$ = US dollar bbl = barrel cum = cubic meter dmt = dry metric ton kg = kilogram mmbtu = million British thermal units mt = metric ton toz = troy oz
 .. = not available ** = see next page "Changes in the recent issues"

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	34,152.01	+239.57	+0.71%	+9.15%	-3.37%	8/16/2022
SPX:IND S&P 500 INDEX	4,305.20	+8.06	+0.19%	+11.44%	-3.21%	8/16/2022
CCMP:IND NASDAQ COMPOSITE	13,102.55	-25.50	-0.19%	+14.41%	-10.60%	8/16/2022
NYA:IND NYSE COMPOSITE INDEX	15,846.79	+52.46	+0.33%	+9.67%	-5.15%	8/16/2022
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	20,269.97	+89.37	+0.44%	+10.20%	-0.46%	8/16/2022
Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,803.25	-1.97	-0.05%	+9.38%	-9.43%	8/16/2022
UKX:IND FTSE 100 INDEX	7,534.70	-1.36	-0.02%	+5.25%	+4.93%	8/16/2022
DAX:IND DAX INDEX	13,889.62	-20.50	-0.15%	+7.97%	-12.80%	8/16/2022
CAC:IND CAC 40 INDEX	6,590.57	-2.01	-0.03%	+9.19%	-3.42%	8/16/2022
IBEX:IND IBEX 35 INDEX	8,501.10	-10.80	-0.13%	+6.99%	-4.07%	8/16/2022
Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	29,222.77	+353.86	+1.23%	+9.09%	+6.56%	8/16/2022
TPX:IND TOPIX INDEX (TOKYO)	2,006.99	+25.03	+1.26%	+6.05%	+4.77%	8/16/2022
HSI:IND HANG SENG INDEX	19,922.45	+91.93	+0.46%	-1.85%	-22.64%	8/16/2022
SHSZ300:IND CSI 300 INDEX	4,216.96	+39.12	+0.94%	-0.74%	-12.83%	8/16/2022
AS51:IND S&P/ASX 200 INDEX	7,127.68	+22.30	+0.31%	+7.90%	-5.10%	8/16/2022
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	162.73	-0.75	-0.46%	+5.57%	-16.84%	8/16/2022

Source: Bloomberg

এক্সচেঞ্জ সংবাদ

সিএসই পিএলসি-তে ২০২১-২২ সালে Top Performing CSE TREC হোল্ডারদের পুরস্কার প্রদান



১১ আগস্ট ২০২২ চট্টগ্রাম: চিটাগং স্টক এক্সচেঞ্জ পিএলসি-এর প্রধান কার্যালয়, চট্টগ্রামে ২০২১-২২ সালের Top Performing CSE TREC হোল্ডারদের জন্য পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর মাননীয় চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। আরও উপস্থিত ছিলেন সিএসইর পরিচালকবৃন্দ, সিএসইর TREC হোল্ডারগণ এবং সিএসইর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে বিএসইসির চেয়ারম্যান এই শোকের মাস আগস্টে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি দেশের দুর্যোগপূর্ণ মুহূর্তগুলোতে গৃহীত মাননীয় প্রধানমন্ত্রীর বিচক্ষণতামূলক সিদ্ধান্তগুলোকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। তিনি বলেন, শুধু ইকুইটি মার্কেট দিয়ে ক্যাপিটাল মার্কেটের উন্নয়ন হবে না। তিনি বলেন, খুব শীঘ্রই সরকারি সিকিউরিটিজের সেকেন্ডারি মার্কেটে লেনদেন স্টক এক্সচেঞ্জের প্রাটফর্মে চালু হবে। এর মাধ্যমে জিডিপিতে ক্যাপিটাল মার্কেটের অবদান আরও অনেক বেড়ে যাবে। বিএসইসির চেয়ারম্যান তাঁর বক্তব্যে ইনোভেশনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, আমাদের সব কাজের সাথে আমাদের সরকারের পূর্ণ সহায়তা রয়েছে। এক দুই বছরের মধ্যে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে যে কেউ ২৪ ঘণ্টা লেনদেন করতে পারবে। তিনি আরও বলেন, আমাদের দেশের শেয়ারবাজারের সম্ভাবনা অনেক। ইয়োরোপের দেশগুলো যদি ৫-৭ কোটির জনবল নিয়ে এতো এগিয়ে যেতে পারে, তাহলে ১৭ কোটি নিয়ে আমরাও পারব।

স্বাগত বক্তব্যে সিএসইর পরিচালক মেজর (অবঃ) এমদাদুল ইসলাম সিএসইকে স্বতঃস্ফূর্তভাবে সব ধরনের সহায়তা প্রদানের জন্য বিএসইসির মাননীয় চেয়ারম্যানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, বিএসইসির মাননীয় চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী কমোডিটি এক্সচেঞ্জ-এর কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে। তিনি এই শোকের মাসে শ্রদ্ধা ভরে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির জনক বঙ্গবন্ধুকে স্মরণ করেন।

অনুষ্ঠানে শোক দিবস উপলক্ষে ১ মিনিট নিরবতা পালন করে জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদদের প্রতি বিশেষ সম্মান প্রদর্শন করা হয়।

সমাপনী বক্তব্যে সিএসইর চেয়ারম্যান জনাব আসিফ ইব্রাহিম বলেন, বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়ক বেয়ে দুর্বীর গতিতে এগিয়ে যাচ্ছে। তিনি আরও বলেন, বিএসইসির মাননীয় চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামের গতিশীল নেতৃত্বে বর্তমান কমিশন পুঁজিবাজারের উন্নয়নে অনেক কাজ করেছেন। বর্তমান কমিশন তাদের প্রজ্ঞা, মেধা ও দূরদর্শী চিন্তার মাধ্যমে স্বল্পতম সময়ে পুঁজিবাজারের উন্নয়ন, নিয়ন্ত্রণ ও বিভিন্ন সংস্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

বাজারে গতিশীলতা বৃদ্ধি এবং মার্কেট পার্টিসিপেন্টদের উৎসাহ দেয়ার জন্য সিএসই Top Performing TREC হোল্ডারদের পুরস্কৃত করে আসছে। এরই ধারাবাহিকতায় সিএসই এই পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। যারা এবার পুরস্কার পেয়েছেন, তিনি তাদের সবাইকে সিএসই-র পক্ষ থেকে অভিনন্দন জানান। তিনি আশা করেন, ভবিষ্যতে তারা আরও ভালো করবেন এবং এই ধারাবাহিকতা বজায় রাখবেন। তিনি এরই সাথে আশা করেন, যে সমস্ত টেক হোল্ডার এবার পুরস্কার পাননি, তারা যাতে পরবর্তীতে পুরস্কার পান, সেজন্য আন্তরিক প্রচেষ্টা এবং সিএসইতে অধিকতর অংশগ্রহণ অব্যাহত রাখবেন।

এখানে উল্লেখ্য যে, ২০২১-২০২২ বছরের জন্য ডিলার এবং ব্রোকার এই দুই ক্যাটাগরিতে প্রথম ১০ ট্রেক হোল্ডারকে সিএসই পুরস্কার প্রদান করে। ডিলার ক্যাটাগরিতে পুরস্কার প্রাপ্তরা হলো:

গ্যালাক্সি ক্যাপিটাল লিমিটেড, লক্ষাবাংলা সিকিউরিটিজ লিমিটেড, গ্রুডেনশিয়াল ক্যাপিটাল লিমিটেড, সোহেল সিকিউরিটিজ লিমিটেড, ইসলামী

ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড, ইস্টার্ন শেয়ারস অ্যান্ড সিকিউরিটিজ লিমিটেড, ইবিএল সিকিউরিটিজ লিমিটেড, এনবিএল সিকিউরিটিজ লিমিটেড, আরএকে সিকিউরিটিজ লিমিটেড এবং ফারইস্ট শেয়ারস অ্যান্ড সিকিউরিটিজ লিমিটেড।

ব্রোকার ক্যাটাগরিতে পুরস্কার প্রাপ্তরা হলো:

লক্ষাবাংলা সিকিউরিটিজ লিমিটেড, বি রিচ লিমিটেড, কবির সিকিউরিটিজ লিমিটেড, মালটি সিকিউরিটিজ অ্যান্ড সার্ভিসেস লিমিটেড, মিনহার সিকিউরিটিজ লিমিটেড, ইস্টার্ন শেয়ারস অ্যান্ড সিকিউরিটিজ লিমিটেড, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ, আইল্যান্ড সিকিউরিটিজ লিমিটেড, ইবিএল সিকিউরিটিজ লিমিটেড এবং মোনা ফিন্যান্সিয়াল কনসালট্যান্সি অ্যান্ড সিকিউরিটিজ লিমিটেড।

পরিশেষে সিএসইর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ গোলাম ফারুক (ভারপ্রাপ্ত) ভোট অব থ্যাংকস প্রদান করেন।



‘বুঁকি কম নিতে চাইলে মিউচুয়াল ফান্ড-বন্ডে বিনিয়োগ করতে পারেন’ ফিন্যান্সিয়াল লিটারেসি সম্মেলন ও মেলা ২০২২



২৯-৩০ জুলাই ২০২২ ময়মনসিংহঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বলেন, যারা বেশি বুঁকি নিতে চান না, তারা মিউচুয়াল ফান্ডে এবং বন্ড মার্কেটে বিনিয়োগ করতে পারেন। বিনিয়োগের আগে এ-সম্পর্কে বেসিক জ্ঞান অর্জন করতে হবে, স্মার্ট বিনিয়োগকারী হতে হবে। শনিবার (৩০ জুলাই) সকাল ১০ টায় ময়মনসিংহ বিভাগে অনুষ্ঠিত ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২’-এ সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএসইসি এবং বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএসএম) যৌথভাবে এ কনফারেন্সের আয়োজন করে। ময়মনসিংহ শহরের টাউন হল মোড়ে এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে এ-কনফারেন্স অনুষ্ঠিত হয়। এ-সময় বিএসইসি চেয়ারম্যান দেশ পরিচালনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রজ্ঞার প্রশংসা করেন এবং দেশের অর্থনীতি নিয়ে

অপ্রয়োজনীয় ভীতি সৃষ্টির সমালোচনা করেন। তিনি বিনিয়োগকারীদের গুজবে কান না দিয়ে ঠান্ডা মাথায় বিনিয়োগ সিদ্ধান্ত নেয়ার পরামর্শ দেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী কে এম খালিদ পুঁজিবাজারে বিনিয়োগের জন্যে নিরাপদ ব্যবস্থাপনার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, “পুঁজিবাজারের বিনিয়োগকারীদের ধৈর্য ধারণ করতে হবে এবং শিখতে হবে, তবেই তারা লাভবান হবেন”। তিনি আরো বলেন, “আর্থিক স্বস্তি এবং সঞ্চয়ের জন্যই বিনিয়োগ। সুতরাং বিনিয়োগের সুরক্ষা প্রয়োজন।” তিনি পুঁজিবাজারের কল্যাণে বিএসইসির চেয়ারম্যানের উদ্যোগ ও প্রচেষ্টার প্রশংসা করেন।

এরপর ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২’-এ ‘স্টক মার্কেট ইনভেস্টমেন্ট: ওয়েজ টু জেনারেট সুপিরিয়র রিটার্ন’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসির সাবেক কমিশনার আরিফ খান। বিএসইসির নির্বাহী পরিচালক মোহাম্মদ রেজাউল করিম ‘দ্য স্মার্ট অ্যান্ড ইন্টেলিজেন্ট ইনভেস্টর’ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এবং অনুষ্ঠানের সফলতা কামনা করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র ইকরামুল হক টিটু। তা ছাড়া কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি অডিটোরিয়াম চত্বরে সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত চলে ‘বিনিয়োগ শিক্ষা মেলা’। সিএসইর অন্যতম দুই সহকারী ব্যবস্থাপক দেওয়ান জাহিদুল ইসলাম ও শরিফুল ইসলাম এই সম্মেলনে অংশগ্রহণ করেন। বিএসইসির দুজন কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ ও ড. রুমানা ইসলাম এবং দুজন এক্সিকিউটিভ ডিরেক্টর মোঃ সাইফুর রহমান ও রিপন কুমার দেবনাথ মেলায় সিএসইর স্টল পরিদর্শন করেন।

বিএসইসি-র চেয়ারম্যানকে সিএসইর অভিনন্দন জ্ঞাপন



২৫ জুলাই ২০২২ ঢাকা: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি-এর চেয়ারম্যান আসিফ ইব্রাহিম, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর মাননীয় চেয়ারম্যান অধাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে ফুলেল অভিনন্দন জানান। উল্লেখ্য, জনাব শিবলী ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সিকিউরিটিজ কমিশনের (আইওএসসিও) এশিয়া-প্যাসিফিক আঞ্চলিক কমিটির ভাইস চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় এই অভিনন্দন জ্ঞাপন করা হয়। এ-সময় সিএসই পিএলসি-এর পরিচালক মেজর (অবঃ) এমদাদুল ইসলাম এবং জনাব মোঃ রেজাউল

ইসলাম উপস্থিত ছিলেন। অভিনন্দন বার্তায় সিএসই চেয়ারম্যান বলেন, আপনি বিএসইসি'র নেতৃত্বে আসার পর থেকে বাজার উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা ও সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নের জন্য যে প্রচেষ্টা চালিয়েছেন তা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। আমরা বিশ্বাস করি, আপনি এই পদের যোগ্য ও উপযুক্ত। আমরা আশা করি, নতুন এ দায়িত্ব সফলভাবে পালন করার মাধ্যমে আপনি বিশ্বব্যাপী বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন এবং পাশাপাশি আইওএসসিও-তে আপনার ভূমিকা সকলের কাছে অনুকরণীয় হয়ে থাকবে।

সিএসইতে আছিয়া সী ফুডস-এর শেয়ার লেনদেন শুরু

১৮ জুলাই ২০২২ নিকুঞ্জ, ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে আছিয়া সী ফুডস-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর মোঃ তারিকুল ইসলাম জহির, এএএ ফিন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ-এর ডিরেক্টর ও সিওও মোঃ ফেরদৌস মজিদ, সিএসইর অন্যতম ডিজিএম, আইটি সার্ভিসেস-এর প্রধান ও ঢাকা অফিসের ইন-চার্জ হাসনাইন বারী উপস্থিত ছিলেন।



সিএসইতে প্রশিক্ষণ



০৫ জুলাই ২০২২ ঢাকা: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি আয়োজিত “সিডিবিএল অপারেশনস্ অ্যান্ড ভেল্যু এডেড সার্ভিসেস” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম)-এর (জীবন বীমা ভবন, মতিঝিল, ঢাকা) প্রশিক্ষণ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিএএসএম-এর ডিরেক্টর জেনারেল ড. তৌফিক আহমেদ চৌধুরী। এতে আরো উপস্থিত ছিলেন সিএসইর অন্যতম ডিজিএম, হেড অব আইটি সার্ভিসেস ও ঢাকা অফিসের ইন-চার্জ হাসনাইন বারী, ট্রেনিং অ্যান্ড অ্যাওয়ারেনেস বিভাগের প্রধান

এম. সাদেক আহমেদ এবং মার্কেট ডেভেলপমেন্ট বিভাগের সিনিয়র অফিসার শাহিন আখতার। প্রশিক্ষণ অনুষ্ঠান পরিচালনা করেন সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট অ্যান্ড ভেল্যু এডেড সার্ভিসেস বিভাগের জেনারেল ম্যানেজার রাকিবুল ইসলাম চৌধুরী।

ড. তৌফিক আহমেদ চৌধুরী স্বাগত বক্তব্যে বলেন, আমাদের পুঁজিবাজার এখন অনেকদূর এগিয়েছে যা ইমার্জিং ইকোনমির অন্যতম সূচক, যদিও যথাযথ কারিগরি এবং দক্ষ জনবলের অভাব আমরা প্রায়ই অনুভবন করি। কিন্তু আমাদের আন্তরিকতা এবং প্রচেষ্টা এই অগ্রগতি যাত্রাপথকে ব্যাহত করতে পারে না। তিনি সিএসইকে এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করার জন্যে সাধুবাদ জানান এবং আশ্বস্ত করেন। ভবিষ্যতে এ ধরনের যে-কোনো অনুষ্ঠানে বিএএসএম, সিএসইর সাথে রেগুলেটরি অরগ্যানাইজেশন হিসেবে সার্বিক সহযোগিতা প্রদান করে যাবে।

জনাব হাসনাইন বারী সাম্প্রতিক সময়ে এসএমই প্ল্যাটফর্ম, জি-সিকিউরিটিজ প্ল্যাটফর্ম এবং কমোডিটি এক্সচেঞ্জ-এর বিষয়গুলো অংশগ্রহণকারীদের সামনে তুলে ধরেন। সিএসইর ট্রেনিং অ্যান্ড অ্যাওয়ারনেস বিভাগের প্রধান এম. সাদেক আহমেদ উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

নাভানা ফার্মাসিউটিক্যালস-এর কাট-অফ প্রাইস ডিস্কভারিং সেরিমনি



১৩ জুলাই ২০২২ নিকুঞ্জ, ঢাকা: অনুষ্ঠানে নাভানা ফার্মাসিউটিক্যালস-এর কোম্পানি সেক্রেটারি জয়নুল আবেদীন এসিএস, ঢাকা স্টক এক্সচেঞ্জের চীফ রেগুলেটরি অফিসার খায়রুল বাশার আবু তাহের মোহাম্মদ, ইস্যু ম্যানেজমেন্ট এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনার্স ইনভেস্টমেন্টস লিঃ-এর ভাইস প্রেসিডেন্ট খন্দকার শাহেদ রায়হান এবং সিএসইর অন্যতম উপ-ব্যবস্থাপক রাহী ইফতেখার রেজা উপস্থিত ছিলেন।

ত্রিপক্ষীয় চুক্তি



০৪ জুলাই ২০২২ ডিএসই অফিস, নিকুঞ্জ, ঢাকা: সিএসই, ডিএসই এবং নাভানা ফার্মাসিউটিক্যালস-এর মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়। এ সময় কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর প্রফেসর ড. মোঃ জোনাইদ শফিক, ঢাকা স্টক এক্সচেঞ্জের চীফ রেগুলেটরি অফিসার খায়রুল বাশার আবু তাহের মোহাম্মদ এবং সিএসইর

অন্যতম ডিজিএম, আইটি সার্ভিসেস-এর প্রধান ও ঢাকা অফিসের ইন-চার্জ হাসনাইন বারী উপস্থিত ছিলেন।

সিএসই শরিয়াহ্ ইনডেক্সভুক্ত কোম্পানিগুলোর সমন্বয়

০৩ জুলাই ২০২২: সিএসই এর তালিকাভুক্ত কোম্পানিগুলোর পারফরমেন্স পর্যালোচনার ভিত্তিতে সিএসই শরিয়াহ্ ইনডেক্স চূড়ান্ত করে। এতে নতুন ১২টি কোম্পানি যুক্ত করা হয় এবং পূর্বের ১১টি কোম্পানি বাদ দেওয়া হয়। মোট ১৩২টি কোম্পানিকে অন্তর্ভুক্ত করা হয়। ১৭ জুলাই ২০২২ থেকে এটি কার্যকর হয়।

নতুন করে যুক্ত ১২টি কোম্পানি হলো: একমি পেস্টিসাইডস লিমিটেড, আলিফ ইন্ডাস্ট্রিজ লিমিটেড, আমান কটন ফাইব্রাস লিমিটেড, বারাকা পতেঙ্গা পাওয়ার লিঃ, বিডিকম অনলাইন লিমিটেড, ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড, জেএমআই হসপিটাল রিকুইজিট ম্যানুফেকচারিং লিঃ, রিজেন্ট টেক্সটাইল মিলস লিমিটেড, সিনোবাংলা ইন্ডাস্ট্রিজ লিমিটেড, দি ডাকা ডাইং অ্যান্ড ম্যানুফেকচারিং কোম্পানি লিঃ, ইউনিয়ন ব্যাংক লিমিটেড এবং ইউনাইটেড পাওয়ার জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

বাদ যাওয়া ১১ কোম্পানি হলো: আরামিট সিমেন্ট লিমিটেড, অ্যাকটিভ ফাইন কেমিক্যালস লিঃ, অ্যাডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিঃ, আরামিট লিমিটেড, আর্গন ডেনিমস লিমিটেড, আজিজ পাইপস লিমিটেড, বাংলাদেশ বিল্ডিং সিস্টেমস লিমিটেড, বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস লিমিটেড, জেনারেশনস্ নেক্সট ফ্যাশনস্ লিমিটেড, ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক লিঃ এবং কাউলি টেক্সটাইল লিঃ।

শেয়ারবাজার পর্যালোচনা - নৈর্ব্যক্তিক দিকসমূহ

ড. মোহাম্মদ সালেহ জহুর

ভূমিকা



শেয়ারবাজার এবং অর্থনীতি অঙ্গসঙ্গীভাবে সম্পর্কিত। শেয়ারবাজারের উন্নয়নে অর্থনৈতিক উন্নয়ন যেমন ঘটে; তেমনি বিশ্ব অর্থনীতি উন্নয়নে ধারাবাহিকতায় কোন দেশের অর্থনৈতিক উন্নয়নে শেয়ারবাজারের উন্নয়ন অত্যাবশ্যিক হয়ে দাঁড়ায়। অন্যভাবে বলা যায়, উভয়ের মধ্যকার যুগপত সম্পর্ক বিদ্যমান রয়েছে বলে ধারণা রয়েছে।

সুতরাং অর্থনীতি সংশ্লিষ্ট যে কোন নীতি-কৌশল প্রণয়নে দেশের মূলধন বাজার বিবেচনায় নেয়া অত্যন্ত জরুরী।

দেশের শেয়ারবাজার বর্তমানে বিভিন্ন ধরনের ঝুঁকির সম্মুখীন। ঝুঁকিগুলো হলো তারল্য ঝুঁকি, মূলধন ঝুঁকি, সুদের হার ঝুঁকি, মুদ্রাহার ঝুঁকি এবং আইনগত ঝুঁকি। বাংলাদেশের মূলধন বাজারের দু'টো শেয়ারবাজার সিএসই এবং ডিএসই এর ট্রেড চুক্তির সংখ্যা ও ভ্যালু, শেয়ার মূল্যের পরিবর্তনশীলতা, বাজার পত্রকোষগুলোর সূচকের উঠানামা এবং বিনিয়োগকারীদের লেনদেনের আচরণ পরীক্ষা নিরীক্ষায় এই সকল ঝুঁকিসমূহ পরিলক্ষিত হয়। এই সকল ঝুঁকিসমূহ যে সকল উৎস হতে উদ্ভূত হয়েছে তা হলোঃ বাজারে দ্রব্য পণ্য ও সেবা মূল্যের পরিবর্তনশীলতা, সরকারের পলিসি হার সমূহের পরিবর্তন আন্তর্জাতিক পর্যায়ে রাজনৈতিক-কূটনৈতিক চালে বাজার ও ভৌগলিক যুদ্ধে আমদানী-রপ্তানী এবং বিনিয়োগ অস্থিতিশীলতা এবং সর্বোপরি নিয়ন্ত্রিত বাজার ব্যবস্থায় স্বাভাবিক প্রবাহে ঘাটতি। বাজার বিশ্লেষক ও অর্থনীতিবিদদের ধারণা, এহেন পরিস্থিতি ২০২২-২৩ সময়ে বিদ্যমান থাকার সম্ভাবনা রয়েছে, যা বিশ্ব অর্থনীতিসহ দেশীয় অর্থনীতি চাপের মধ্যে থাকতে পারে। এই ক্রান্তিলগ্নে দেশের নীতি-কৌশল 'ট্রায়াল ও এরর' ভিত্তিতে গ্রহণ ও বাস্তবায়িত হলেও বাজার-অর্থনীতির বিভিন্ন মানদণ্ডে ধনাত্মক পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে।

অর্থনীতি পরিক্রমা

২০২২-২৩ সময়ে জুলাই মাসের অর্থনীতি পর্যালোচনায় যে বিষয়গুলো পরিলক্ষিত হয়, তা নিম্নে তুলে ধরা হলোঃ

১। আমদানী-রপ্তানী এবং বাণিজ্য ঘাটতিঃ সরকারের নিয়ন্ত্রিত

কৌশলের ফলে আলোচ্য মাসে আমদানী তুলনামূলক হ্রাস পেয়েছে; রপ্তানীতে ধনাত্মক হাওয়া লেগেছে এবং বাণিজ্য ঘাটতি তুলনামূলকভাবে হ্রাস পেয়েছে।

২। রেমিট্যান্স প্রবাহ : জুন-জুলাই ২২ সময়ে বৈদেশিক রেমিট্যান্স বৃদ্ধি পাওয়ায় বৈদেশিক মুদ্রা তহবিল বৃদ্ধি পেয়েছে যা কিছুটা স্বস্তি ফিরেছে।

৩। মুদ্রাস্ফীতি ঝুঁকি : কোভিড ১৯ মহামারীর ক্রান্তিকাল অতিবাহিত করার প্রাক্কলে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং অন্যান্য অঞ্চলে অপতৎপরতায় বৈদেশিক বাজারে সরবরাহে বিঘ্নতা ও পন্য সামগ্রীর নিরবিচ্ছিন্ন দর বৃদ্ধিতে বাংলাদেশে জ্বালানী তেলের দাম বৃদ্ধিতে খাদ্য সামগ্রীর মুদ্রাস্ফীতির হার ৮.৩৭% এবং নন ফুড মুদ্রাস্ফীতির হার ৬.০৮% অর্থাৎ পয়েন্ট টু পয়েন্ট মুদ্রাস্ফীতির হার ৭.৪৮% দাড়িয়েছে। এর ফলে, লোকজনের ভোগব্যয় বৃদ্ধি পেয়ে সঞ্চয়ী হার কমাতে বিনিয়োগ হ্রাস পেয়েছে।

৪। বিনিয়োগ : দেশের রেকর্ড মুদ্রাস্ফীতির হার হ্রাস করার লক্ষ্যে মুদ্রাবাজারে সকল ধরনের অর্থের প্রবাহ হ্রাস করেছে। যদিও জুলাই মাসে বেসরকারীখাতে অর্থ প্রবাহ তুলনামূলকভাবে যৎসামান্য বেড়েছে। সার্বিকভাবে দেখা যায়, দেশের অর্থনীতিতে বৈদেশিক বিনিয়োগ সরকারী-বেসরকারী বিনিয়োগ এবং প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ হ্রাস পেয়েছে।

৫। বৈদেশিক ঋণঃ দেশে আলোচ্য সময়ে বৈদেশিক ঋণ তুলনামূলক বেড়ে ৪৪.২০ বিলিয়ন টাকা হয়েছে। অবশ্য সরকারের বৈদেশিকঋণ পরিশোধ প্রজেক্ট ঋণের ক্ষেত্রে ২০২৩ থেকে শুরু হবে যার নিমিত্তে প্রয়োজন সুষ্ঠু তহবিল ব্যবস্থাপনা।

৬। তহবিল প্রবাহ ফাঁদঃ মুদ্রাবাজারের মন্দাঋণের উর্ধ্বগতি, নিম্নমুখী বাণিজ্য চক্র, নিয়ন্ত্রিত তহবিল প্রবাহ, নিম্নমুখী বিনিয়োগ এবং উর্ধ্বমুখী মুদ্রাস্ফীতি দেশের জিডিপি প্রবৃদ্ধিকে হ্রাস করবে এবং তারল্য ঝুঁকি বৃদ্ধি করে তহবিলের প্রবাহে নেতিবাচক উদ্ভূত সৃষ্টি করতে পারে।

বাজার তারল্য পরিক্রমা

বাজার তারল্য বজায় রাখা টেকসই বাজারের অন্যতম কাজ। শেয়ারবাজারের বিনিয়োগকারীরা বিনিয়োগ সিদ্ধান্ত নেয়ার সময় অন্যান্য উপাদানের সাথে অন্যতম উপাদান-তারল্যতা বিবেচনায় নেয়। আলোচ্য মাসে সিএসই শেয়ারবাজার পাঁচ

কর্মসপ্তাহের ১৯ কার্যদিবসে তালিকাভুক্ত শেয়ারের ৯৪.২৭% শেয়ার গড়ে লেনদেন হয়। শেয়ারবাজার তারল্যের বিভিন্ন প্যারামিটারের তথ্যাদি ও প্রাসঙ্গিক পরিসংখ্যান টেবিল-১ এ সন্নিবেশিত হলোঃ

Table 1: CSE Market Liquidity Parikrama in July, 2022

Measures of CSE Market	Total Trade	Total Volume (in Million)	Total Value in Million
Mean	11,584.84	7.45	195.35
Maximum	49,256.00	14.52	404.12
Minimum	4,029.00	3.68	111.19
Range	45,227.00	10.84	292.93
Std. Deviation			
	10,230.57	2.62	73.37
Coefficient of Variation			
	88.31	35.21	37.56
Monthly Change (%)	-52.78	-73.58	-65.56
Nature of Change in Trade			
Skewness	2.85	0.98	1.25
Kurtosis	10.83	1.69	2.37

Source: CSE Website; and

Note: Data have been compiled by Analyst.

তারল্য পরিবর্তনের স্বরূপঃ

বঙ্কিমতা পরীক্ষায় দেখা যায়, আলোচ্য মাসে বাজার তারল্য একপেশে ছিল; এবং সূচালতা পরীক্ষায় দেখা যায়, মোট ট্রেড চুক্তির সংখ্যায় অস্বাভাবিক বন্টন হলেও ট্রেড ভলিউম ও ভ্যালু এ স্বাভাবিক তারল্যের বন্টন লক্ষণীয়।


তারল্য পারফরমেন্স :

টেবিল-১ এ সন্নিবেশিত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, মোট ট্রেড চুক্তির টার্গেট ছিল ১১,৫৮৫টি যা আদর্শ বিচ্যুতি ১০,২৩১ টি হারে হ্রাস বৃদ্ধি ঘটে সর্বাধিক ৪৯,২৫৬ এবং সর্বনিম্ন ৪,০২৯টি হয়। ১৯ কার্যদিবসে মোট ট্রেড চুক্তি ৮ কর্মদিবসে বৃদ্ধি পায় এবং ১১ কর্ম দিবসে হ্রাস পায়। অন্যদিকে মোট ট্রেডমূল্য আলোচ্য মাসে কাঙ্ক্ষিত সীমা ছিল ১৯৫.৩৫ মিলিয়ন টাকা যা আদর্শ বিচ্যুতি ৭৩.৩৭ মিলিয়ন টাকা হারে হ্রাস-বৃদ্ধি হয়ে সর্বোচ্চ ৪০৪.১২ মিলিয়ন টাকা এবং সর্বনিম্ন ১১১.১৯ মিলিয়ন টাকা দাড়ায়। তাছাড়া, ১৯ কর্মদিবসের মধ্যে ট্রেড মূল্য ৯ দিবসে বৃদ্ধি পায় এবং অবশিষ্ট দিবসে হ্রাস পায়।

পর্যালোচনায় আরো দেখা যায়, তারল্য পরিক্রমার প্যারামিটার তথা মোট ট্রেড চুক্তি, সংখ্যা এবং মূল্য গত মাসের তুলনায় বর্তমান আলোচ্য মাসে ঋণাত্মক পরিবর্তন হয় যা ৫০% থেকে

৭৫% সীমার মধ্যে। অন্যদিকে, মোট ট্রেড এর ব্যবধানঙ্ক সহগ অন্যান্য প্যারামিটারের চেয়ে বেশী। এর ফলে বলা যায় আলোচ্য মাসে মোট ট্রেড চুক্তির সংখ্যা ক্ষেত্রে তারল্য ঝুঁকি সবচেয়ে বেশী। বাজার তারল্যের মোট ট্রেড মূল্যের ভিত্তিতে বাজার তারল্যের প্রবণতা/ধারা নিম্নে চিত্র -১ এ প্রতিফলিত হলোঃ

Figure 1: Liquidity Performance of CSE in July, 2022



চিত্র-১ এ প্রদর্শিত মোট ট্রেড মূল্যের প্রবণতা পর্যালোচনা করলে দেখা যায়, তারল্য প্রবণতা জুলাই মাসের প্রথম তিন কার্যদিবসে উর্ধ্বমুখী হলেও পরবর্তীতে উর্ধ্বমুখী- নিম্নমুখী প্রবণতা থাকলেও গড়ে নিম্নমুখী ধারা প্রতিষ্ঠা করে। অর্থাৎ এই ধারা ক্রমাগত বিদ্যমান থাকলে ভবিষ্যতে তারল্য ঝুঁকি বেড়ে যাবে।

বাজার ধারা পরিক্রমা

বাজার ধারা পর্যবেক্ষণ বিনিয়োগকারী, বাজার ব্যবস্থাপক এবং বাজার নিয়ন্ত্রকসহ বাজার সংশ্লিষ্ট সবার একটি নিয়মিত, কাজ বাজার সংশ্লিষ্ট সকলের নিকট বাজার ধারা নির্ধারণ বা পর্যবেক্ষণ একটি গুরুত্বপূর্ণ কাজ। জুলাই ২০২২ সময়ে সিএসই শেয়ারবাজার ধারা পরিক্রমার প্যারামিটার সমূহের পরিসংখ্যান টেবিল-২ এ সন্নিবেশিত হলোঃ

Table 2: CSE Market Trend Parikrama in July, 2022

Measures of CSE Market	CSE 30 Index	CSCX Index	CASPI Index	CSE50 Index	CSI Index
Mean	13,387.56	10,959.37	18,289.97	1,342.23	1,154.45
Maximum	13,618.11	11,250.06	18,770.11	1,379.41	1,186.73
Minimum	12,966.75	10,542.70	17,597.56	1,293.27	1,108.13
Range	651.36	707.36	1,172.55	86.14	78.60
Std. Deviation	216.39	242.66	401.48	29.41	26.80
Coefficient of Variation (%)	1.62	2.21	2.20	2.19	2.32
Monthly Market Return (%)	-3.12	-4.06	-4.01	-3.96	-4.30
Nature of Change in Market Trend					
Skewness	-0.35	-0.13	-0.14	-0.08	-0.15
Kurtosis	-1.36	-1.66	-1.66	-1.65	-1.63

Source: CSE Website; and

Note: Data have been compiled by Analyst.


বাজার ধারা পরিক্রমার স্বরূপঃ

আলোচ্য জুলাই সময়ে, বন্ধিমতা পরীক্ষায় দেখা যায়, সকল বাজার পত্রকোষসমূহের বন্ধিমতা একপেশীয় অর্থাৎ বাজার ধারার পারামিটার গুলোর পরিবর্তন একপাশ কেন্দ্রীক; এবং সূচালতার পরীক্ষায় দেখা যায়, বাজার ধারায় বন্টন লপ-মাইডেট।

বাজার ধারা এবং সম্পাদনঃ

সিএসইর মৌলভিত্তিসম্পন্ন পোর্টফলিও: সিএসই-৩০ এর টার্গেট হলো ১৩,৩৮৮ পয়েন্টস্ যা আদর্শ বিচ্যুতি ২১৭ পয়েন্টস হারে হাস-বৃদ্ধি হয়ে সর্বাধিক ১৩,৬১৮ এবং সর্বনিম্ন ১২,৯৬৭ পয়েন্টস দাড়াই। জুলাই ২২ সময়ের ১৯ কার্যদিবসে ৭ দিবসে সিএসই-৩০ পয়েন্টস লাভ করে এবং ১২ দিবসে পয়েন্টস হারায়। সিএসইর অন্যতম সাধারণ সূচক সিএসসিএক্স এর কার্জিত পয়েন্টস হলো ১০,৯৫৯ যা আদর্শ বিচ্যুতি ২৪৩ পয়েন্টস হারে পরিবর্তিত হয়ে সর্বাধিক ১১,২৫০ পয়েন্টস এবং সর্বনিম্ন ১০,৫৪৩ পয়েন্টস দাড়াই। আলোচ্য জুলাই মাসের ১৯ কর্মদিবসের মধ্যে ৬ দিন সিএসসিএক্স পয়েন্টস অর্জন করে এবং অধিকাংশ কার্যদিবসে পয়েন্টস হারায়। একইভাবে সিএসইর অন্যান্য বাজার পোর্টফলিও অধিকাংশ দিবসে পয়েন্টস হারায়। ফলে সিএসই এর সকল বাজার পোর্টফলিও এর বাজার আয়ের হার ঋণাত্মক। আলোচ্য মাসে সিএসই এর বাজার পোর্টফলিও সমূহের প্রবণতা নিম্নে চিত্র -২ এ প্রতিফলিত হলোঃ

Figure 1: CSE Market Trend Parikrama in July, 2022



চিত্র-২ পর্যালোচনায় দেখা যায়, সিএসই এর সকল বাজার পোর্টফলিও আলোচ্য মাসের শুরুতে পয়েন্টস অর্জন করলেও অধিকাংশ কর্মদিবসে পয়েন্টস হারায়। অবশ্য মাসের শেষের দিন বাজার তেজীভাব দেখানোর ফলে উর্ধ্বমুখী প্রবণতা দিয়ে শেষ হয়। বাজারের এহেন অবস্থায় সম্ভাব্য কারণ হলোঃ অর্থবাজারের অস্থিতিশীলতা, পণ্য বাজারের মূল্যের অস্থিরতা এবং বিনিয়োগের স্লথগতি অন্যতম। তাছাড়া, নিয়ন্ত্রণকারী সংস্থার বিনিয়োগ বৃদ্ধির প্রয়াস এক পক্ষীয় এবং দিগন্তস্থিত হওয়ায় বাজারে তাৎপর্যপূর্ণ প্রভাব পরিলক্ষিত হচ্ছে না।

বাজার ব্রেথসূচক পরিক্রমা

বাজার ব্রেথ ও ব্রেথসূচক শেয়ারবাজারের গতিবিধি নির্দেশ করে। বিনিয়োগকারীরা এই নির্দেশকদ্বয় নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে স্বল্পমেয়াদে বাজারের গতিবিধি সম্পর্কে ধারণা করে বিনিয়োগ সিদ্ধান্ত: ক্রয়, বিক্রয় বা ধারণ এবং লাভার্জন বা লোকসান বন্ধ নিতে সক্ষম হয়। বাজার ব্রেথ পরিক্রমার নির্দেশক এবং প্রাসঙ্গিক পরিসংখ্যান টেবিল ৩ এ সন্নিবেশিত হলোঃ

Table 3: CSE Market Breadth Index Parikrama in July, 2022


Trading Weeks	Total Securities Listed	No of Securities Traded	Change in Price of Securities			Breadth	Breadth Index	Percentage of Securities Traded
			Increase	Decrease	No Change			
1 st Week	363	347	178	145	24	33	33	95.59
2 nd Week	363	329	96	210	23	-114	-81	90.63
3 rd Week	363	349	39	305	5	-266	-347	96.14
4 th Week	363	341	62	261	18	-199	-546	93.94
5 th Week	363	345	327	9	9	318	-228	95.04
Average	363	342.2	140.4	186	15.8	-45.6		94.27

Source: CSE Website; and

Note: Data have been compiled by Analyst.

টেবিল-৩ এ সন্নিবেশিত তথ্যাদি পর্যালোচনা করলে দেখা যায়, আলোচ্য জুলাই ২২ সময়ে প্রথম কর্মসপ্তাহে ব্রেথ পজেটিভ; ২য়, ৩য় ও ৪র্থ সপ্তাহে নেগেটিভ; এবং ৫ম সপ্তাহে অস্বাভাবিক পজেটিভ হয়। যার ফলে সিএসই ব্রেথসূচক প্রথম কর্মসপ্তাহ ছাড়া পরবর্তী চার কর্মসপ্তাহে ঋণাত্মক ধারা সৃষ্টি হয়েছে ব্রেথসূচকের এই ধারা সিএসইর বাজার পোর্টফলিও ধারার সাথে সঙ্গতিপূর্ণ। ব্রেথসূচকের এই ধারা নিম্নের চিত্র-৩ প্রদর্শিত হলোঃ

Figure -3: CSE Market Breadth and Breadth Trend Parikrama in July, 2022



চিত্র-৩ এ প্রদর্শিত তথ্যাদি বিশ্লেষণ করলে দেখা যায়, জুলাই

২২ সময়ে বাজার ব্রেথ অধিকাংশ কর্ম সপ্তাহে ঋণাত্মক এলাকায় থাকায় বাজার ব্রেথসূচক ঋণাত্মক প্রবণতা দেখাচ্ছে। তাছাড়া, আলোচ্য সময়ে বাজার ব্রেথ সূচক নিম্নমুখী প্রবণতা প্রদর্শন করছে। অর্থাৎ আলোচ্য সময়ে সিএসই এর অধিকাংশ তালিকাভুক্ত শেয়ারের দর নিম্নমুখী ধারায় সংশোধিত হয়েছে।

বাজার অর্থনীতি পরিক্রমা

বিশ্ব বাণিজ্য এবং বিশ্ব বাজারের অস্থিরতা বিশ্বের প্রত্যেক দেশের বাজার অর্থনীতিকে ঋণাত্মকভাবে প্রভাবিত করে চলেছে বাংলাদেশের বাজার অর্থনীতি পর্যালোচনায় নিম্নের বিষয়গুলো পরিলক্ষিত হয়ঃ

১। বৈদেশিক ঋণ প্রবাহ বৃদ্ধি পেলেও এফডিআই বেসরকারী বিনিয়োগ স্থবিরতা লক্ষণীয়;

২। দেশের আমদানীর উর্ধ্বমুখী প্রবণতা নিয়ন্ত্রণের মাধ্যমে কিছুটা কমানো সম্ভব হয়েছে। অন্যদিকে রপ্তানী বাণিজ্যে উর্ধ্বমুখীতা বাজারে স্বস্তি ফিরছে;

৩। অর্থবাজারে মুদ্রাসরবরাহ হ্রাসের শত চেপ্টার মধ্যে বেসরকারীখাতে মুদ্রা সরবরাহ বৃদ্ধি পেয়েছে।

৪। অর্থবাজারের বৈদেশিক মুদ্রার রিজার্ভ এ নিম্নমুখী ধারা স্থানীয় মুদ্রার মান হ্রাস, মুদ্রাস্ফীতির রেকর্ড বৃদ্ধি, পলিসি রেইটের উপর চাপ প্রভৃতি বাজার অর্থনীতি স্থবিরতার লক্ষণ।

দেশের বাজার অর্থনীতির এহেন অবস্থায় উন্নয়নের লক্ষ্যে প্রয়োজন সৃষ্ট বাজার ব্যবস্থাপনা। তা নাহলে, অর্থনীতির প্রবৃদ্ধি বাধাগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকবে। বাজার অর্থনীতির প্রাসঙ্গিক পরিসংখ্যান টেবিল-৪ এ সন্নিবেশিত হলোঃ

Table 4 : CSE Market Capital Trend Parikrama in July, 2022

Measures of CSE Market	Market Capital in Million	Trading Week	Market Capital (Tk. in Million)	Weekly Change (%)
Mean	4,409,885.63	1st Week	4,514,168.70	0.67
Maximum	4,522,025.93	2nd Week	4,479,251.84	-0.77
Minimum	4,244,423.61	Third Week	4,343,662.23	-3.03
Range	277,602.32	Fourth Week	4,244,423.61	-2.28
Std. Deviation	90,619.14	Fifth Week	4,338,977.80	2.23
Coefficient of Variation	2.05	Average Change (%)		-0.64
Monthly Change (%)	324			
Nature of Change in Market Capital				
Skewness	-0.19			
Kurtosis	-1.51			


Source: CSE Website; and

Note: Data have been compiled by Analyst.

শেয়ারবাজার মূলধন বাজার অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ

প্যারামিটার। শেয়ারবাজারের সকল বিনিয়োগকারী শেয়ারবাজারের মূলধন পর্যালোচনা করে অর্থনীতিকে শেয়ারবাজারের গভীরতা পরিমাপ করে। টেবিল-৪ এ সন্নিবেশিত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য জুলাই ২২ সময়ে কাজিত শেয়ারবাজার মূলধন ছিল ৪,৪০৯,৮৮৬ মিলিয়ন টাকা যা আদর্শ বিচ্যুতি ৯০,৬১৯ মিলিয়ন হারে হ্রাস-বৃদ্ধি ঘটে। আলোচ্য মাসের ১৯ কর্মদিবসের মধ্যে ১৩ কর্মদিবসে শেয়ারবাজার মূলধন মূল্য হারায় যদিও মাসের শেষের দিন বাজার তেজী থাকায় মাসিক পজেটিভ পরিবর্তন দিয়ে বাজার শেষ হয়। আরো পরিলক্ষিত হয় যে, জুলাই মাসের পাঁচ কর্মসপ্তাহের মধ্যে ২য়, ৩য় এবং ৪র্থ কর্মসপ্তাহে বাজার মূলধন যথাক্রমে ০.৭৭%, ৩.০৩% এবং ২.২৮% হারায়। শেয়ারবাজার মূলধন এ পারফরমেন্স নিম্নে চিত্র-৪ এ প্রদর্শিত হলোঃ

Figure 4: Weekly Change in Market Capital of CSE in July, 2022



চিত্র-৪ পর্যালোচনায় দেখা যায়, প্রথম ও ৫ম সপ্তাহে বাজার মূলধন মূল্য যোগ করলেও অধিকাংশ কর্মসপ্তাহে মূল্য হারায়। তবে, বাজার মূলধনের এহেন হ্রাস-বৃদ্ধিতে বাজার মূলধনের প্রবণতা পজেটিভ ছিল। এই ধারা নিয়মিত হলে আগামী সময়ে বাজারে স্বস্তি ফিরে আসার সম্ভাবনা থাকবে।

বাজার সেক্টর পরিক্রমা

সিএসই শেয়ারবাজারের ১৯টি সেক্টর দেশের অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ। এই সেক্টর গুলোর পারফরমেন্স দেশের অর্থনীতিকে তাৎপর্যপূর্ণভাবে প্রভাবিত করে। এই সেক্টর গুলো দেশের শিল্পচক্রের প্রবৃদ্ধি এবং সম্প্রসারণ স্তরে রয়েছে। ফলে এই সকল সেক্টরগুলোর প্রবৃদ্ধি এবং বিকাশের সমূহ সম্ভাবনা রয়েছে। বাজার সেক্টর পরিক্রমার বাজার আয়ের হার ও প্রাসঙ্গিক পরিসংখ্যান টেবিল-৫ এ সন্নিবেশিত হলোঃ

Table-5: CSE Market Sectorial Performance during July, 2022


SN	CSE Sectors	Market Return (%)	Market Return (%)	No of Sectors	Percentage
1	LIFE INSURANCE	4.16	05 - 00	03	15.79
2	CSESMEX	0.95	00 - (05)	09	47.37
3	PAPERS N PRINTING	0.67	(05) - (10)	06	31.58
4	TEXTILE N CLOTHING	-0.01	(10) - (15)	01	5.26
5	TELECOMMUNICATION	-0.42	-	19	100.00
6	MUTUAL FUNDS	-1.97			
7	BANK	-2.71			
8	LEASING N FINANCE	-4.00			
9	PHARMA N CHEMICAL	-4.20			
10	ENG N ELECTRICAL	-4.61			
11	SERVICES N PROPERTY	-4.78			
12	ENERGY	-4.86			
13	ICT	-5.14			
14	CEMENT	-5.34			
15	FOODS N ALLIED	-6.51			
16	MISCELLANEOUS	-6.95			
17	LEATHR N FOOTWEAR	-8.28			
18	GENERAL INSURANCE	-9.89			
19	CERAMIC	-10.53			
	Average Sectorial Return	3.92%			

Source: CSE Website; and

Note: Data have been compiled by Analyst.

টেবিল ৫ এ সন্নিবেশিত তথ্য-উপাত্ত বিশ্লেষণ পরীক্ষা করলে দেখা যায় ১৯টি সেক্টরের মধ্যে মাত্র তিনটি সেক্টর তথা জীবন বীমা, সিএসইএসএমইএক্স এবং পেপার এন্ড প্রিন্টিং আলোচ্য জুলাই সময়ে পজেটিভ আয়ের হার অফার করেছে এবং বাকী ১৬টি সেক্টরের বাজার আয়ের হার নেগেটিভ। আয়ভিত্তিক শ্রেণীবিভাজনে দেখা যায়, ৩টি সেক্টরের আয়ের হার ৫% এর নিচে; ৯টি সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক ৫% এর নিচে; ৬টি সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক ১০% এর নিচে এবং ১টি সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক ১০%-১৫% এর মধ্যকার। সেক্টর ভিত্তিক বাজার আয়ের হার এবং সেক্টরগুলোর ব্যাকিং ধারা নিম্নের চিত্র -৫ এ প্রদর্শিত হলোঃ

Figure -5: CSE Market Sectorial Return



উপসংহার

সিএসইর বাজার পর্যালোচনায় দেখা যায়, জুলাই ২২ সময়ে বাজার তারল্য বিদ্যমান থাকলেও তারল্য ঝুঁকি ক্রমশঃ বেড়ে চলেছে। বাজার পোর্টফলিও গুলোর ধারাবাহিক পয়েন্টস হারানো এবং নিল্লেখ্য বাজার মূল্য সংশোধন কোন কোন ক্ষেত্রে বিনিয়োগের সম্ভাবনা সৃষ্টি হতে চলেছে। বাজার সেক্টরগুলোর পারফরমেন্স নেগেটিভ হলেও অর্থনীতি পুনঃরুদ্ধার প্রক্রিয়ায় সফলতা আসলে কালের প্রবাহে প্রায় প্রতিটি সেক্টরে বিনিয়োগ নিয়মিত এবং অস্বাভাবিক লাভ অর্জনের সম্ভাবনা রয়েছে।

ড. মোহাম্মদ সালেহ জহুর

প্রফেসর, ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স/ডিরেক্টর, ব্যুরো অফ বিজনেস রিসার্চ/ফ্যাকাল্টি অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/
ইউনিভার্সিটি অফ চিটাগং



অর্থনৈতিক উন্নয়নে ডেরিভেটিভ মার্কেটের ভূমিকা

ড. ইমন কল্যাণ চৌধুরী

সূচনা

অর্থনৈতিক উন্নয়ন হলো এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে কোন অর্থব্যবস্থায় দীর্ঘকালীন মেয়াদে প্রকৃত জাতীয় আয় বৃদ্ধি পায়। অন্যভাবে বলতে গেলে যখন জনসংখ্যা বৃদ্ধি হারের চেয়ে উন্নয়ন হার বেশি হয় তখন মাথাপিছু প্রকৃত আয় বৃদ্ধি পায় এবং এই পরিস্থিতিও অর্থনৈতিক উন্নয়ন হিসেবে বিবেচিত হয়। উন্নয়নের মাপকাঠি হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার, নিত্য নতুন কলা-কৌশল উদ্ভাবন, উৎপাদনের কৌশল আবিষ্কার এবং মূলধন গঠন অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। অন্যদিকে, ফিন্যান্সিয়াল ডেরিভেটিভ হল আর্থিক বাজারের এমন কিছু পণ্য বা হাতিয়ার যার মূল্য অন্য আরেকটি অন্তর্নিহিত সম্পদের মূল্যের উপর নির্ভর করে। ডেরিভেটিভ মার্কেট কিভাবে একটি দেশের অর্থনৈতিক উন্নতিতে সাহায্য করে তা সংক্ষেপে নিম্নে আলোচনা করা হলো।

ডেরিভেটিভসের প্রকারভেদ

ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস মার্কেটে সাধারণত চার ধরনের সিকিউরিটিজের লেনদেন হয় যেমন ফিউচার চুক্তি, ফরোয়ার্ড চুক্তি, অপশনস এবং সোয়াপ।



ফিউচার চুক্তি

এটি হল দুটি পক্ষের মধ্যে এমন একটি চুক্তি যেখানে বলা হয় ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময় পরে একটি নির্দিষ্ট পরিমাণ মূল্যে নির্দিষ্ট পরিমাণ সম্পদের কেনাবেচা হবে। ফিউচার চুক্তি সাধারণত এক্সচেঞ্জে লেনদেন হয় যার কারণে ফিউচার চুক্তির কিছু বৈশিষ্ট আছে যা এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত। অনেক ক্ষেত্রে এমন হয় যে, কন্ট্রাক্টের দুই পক্ষ কেউই কাউকে চেনেনা। সেক্ষেত্রে এক্সচেঞ্জ চুক্তিটা যাতে সম্পূর্ণ হয় এক্সচেঞ্জ সেই দায়িত্ব নেয়।

ফরোয়ার্ড চুক্তি

এটি অনেকটা ফিউচার চুক্তির মত দুটি পক্ষের মধ্যে ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময় পরে একটি নির্দিষ্ট পরিমাণ মূল্যে নির্দিষ্ট পরিমাণ সম্পদের আদান প্রদানের চুক্তি। কিন্তু ফিউচার চুক্তির সাথে ফরোয়ার্ড চুক্তির কিছু মৌলিক পার্থক্য রয়েছে। ফরোয়ার্ড চুক্তি এক্সচেঞ্জে লেনদেন হয় না। এটি ওভার দি কাউন্টার মার্কেটে লেনদেন হয়। তাই এটি ফিউচার চুক্তির মত স্ট্যান্ডারডাইজড নয় এবং চুক্তির পক্ষদ্বয় চাইলে ফরোয়ার্ড চুক্তির বিষয়সমূহ নিজেদের মত করে কাস্টমাইজড করে নিতে পারে।

অপশনস

ফিন্যান্সিয়াল ডেরিভেটিভ মার্কেটের আরেকটি গুরুত্বপূর্ণ উপাদান হল অপশনস। অপশনস এক্সচেঞ্জ এবং ওভার দি কাউন্টার মার্কেট দুই জায়গায় ট্রেড হয়। অপশনের চুক্তি পূরণ করার ক্ষেত্রে অন্য ডেরিভেটিভ উপাদানের মত বাধ্যবাধকতা নেই।

অপশনস হোল্ডার চাইলে এই চুক্তি পূরণ করতে পারে আবার নাও করতে পারে। তাই অপশনস হোল্ডারকে চুক্তির শুরুতে আপ-ফ্রন্ট ফি বা অপশনস প্রিমিয়াম প্রদান করতে হয়। অপশনস সাধারণত দুই ধরনের হয়। একটি হল কল অপশনস, অপরটি হল পুট অপশনস। কল অপশনস হোল্ডারের ভবিষ্যতে একটি নির্দিষ্ট পরিমাণ মূল্যে নির্দিষ্ট দিনে কোন একটি সম্পদ কেনার অধিকার থাকে। আর পুট অপশনস হোল্ডারের ক্ষেত্রে ভবিষ্যতে একটি নির্দিষ্ট পরিমাণ মূল্যে নির্দিষ্ট দিনে কোন একটি সম্পদ বিক্রি করার অধিকার থাকে। অপশনস হোল্ডাররা চাইলে এই অধিকার নিতে পারে আবার নাও নিতে পারে।

সোয়াপ

সোয়াপ মানে হল বিনিময় করা বা অদলবদল করা। ফিন্যান্সের ভাষায় সোয়াপ বলতে বুঝায় একটি নির্দিষ্ট সময় পর দুইটি সংশ্লিষ্ট পক্ষের মধ্যে কোন একটি আর্থিক হাতিয়ারের পরিবর্তে অন্য আরেকটি আর্থিক হাতিয়ারের বিনিময়। এই বিনিময় চুক্তিতে উল্লিখিত নির্দিষ্ট সময়ে সংঘটিত হয়। সোয়াপ এর লেনদেন ওভার দি কাউন্টার মার্কেটে হয়। এটি কোন এক্সচেঞ্জ ট্রেডেড আর্থিক হাতিয়ার নয়। সোয়াপের চুক্তিতে কখন কিভাবে কোন আর্থিক হাতিয়ার কাদের মধ্যে বিনিময় হবে এবং সোয়াপের মূল্য কিভাবে নির্ধারণ করা হবে সবকিছু আগে থেকে উল্লেখ করা থাকে।

অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা

অর্থনৈতিক উন্নয়নে ডেরিভেটিভ মার্কেট আদৌ ভূমিকা রাখে কিনা বা রাখলে কতটুকু তা বর্তমানে গবেষকদের কাছে বরাবরই একটা কৌতূহলের বিষয়। লিয়েন এবং ঝাং ২০০৮ সালে এক গবেষণায় দেখেছেন ডেরিভেটিভ মার্কেট উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক উন্নয়নে তাত্ত্বিক এবং প্রায়োগিক দিক সহ বিভিন্নভাবে বলিষ্ঠ ভূমিকা পালন করে। উনারা পর্যবেক্ষণ করে দেখেছেন, বাজারে পণ্যের দাম উঠানামা করার সাথে যে ঝুঁকি বিদ্যমান তা কমানোর ক্ষেত্রে পণ্যের উৎপাদককে দামের নিশ্চয়তা প্রদান করার মাধ্যমে ঝুঁকি সীমিত পর্যায়ে রাখতে এবং পণ্যের ন্যায্য দাম পেতে সাহায্য করে। এই ডেরিভেটিভ মার্কেট প্রক্রিয়াতে যুক্ত হয়ে অনেক মধ্যস্থকারী আর্থিক প্রতিষ্ঠান ও ব্যক্তি ব্যাপকভাবে উপকৃত হন। যখন কোন পণ্যের বাজার একচেটিয়া ব্যবসায়ী বা সিভিকিটের কবলে পড়ে, তখন ডেরিভেটিভ সিস্টেম পণ্যের প্রকৃত দাম নির্ধারণে এবং ঝুঁকি নিয়ন্ত্রণ ও পুনর্বন্টন করার মাধ্যমে বাজারকে স্থিতিশীল রাখতে সাহায্য করে। ডেরিভেটিভ মার্কেট তথ্যের বহুল এবং উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে সাহায্য করে। একটা পণ্যের চাহিদা ভবিষ্যতে কেমন হতে পারে সেটা অনুমান করে পণ্যের সরবরাহ এবং মজুত নিয়ন্ত্রণ করার মাধ্যমে বর্তমান দামের অস্বাভাবিক পরিবর্তনকে প্রতিহত করে। পণ্যের চাহিদা এবং দামের পরিবর্তনে যদি সংশ্লিষ্ট পক্ষের অনুমান সঠিক না হওয়ার সম্ভাবনা থাকে তা কাটিয়ে উঠতে প্রতিবন্ধক (হেজ) ব্যবস্থা এবং ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে। যদিও অর্থনৈতিক উন্নয়নে ডেরিভেটিভ মার্কেটের নানাধি ভূমিকা রয়েছে, এখন পর্যন্ত ঠিক কতটুকু সরাসরি ভূমিকা রয়েছে তা পরিমাপ করার কার্যকর কোন পদ্ধতি আবিষ্কৃত হয়নি। হাইস এবং সামার ২০১০ সালে অর্থায়ন এবং প্রবৃদ্ধির সাথে একটা সুসম্পর্ক পেয়েছেন। এই সুসম্পর্ক কিছু বিষয়ের (লেনদেনের পরিমাণ, দক্ষতা এবং ঝুঁকির পরিমাণ) প্রভাবে হয়ে থাকে। একটা ডেরিভেটিভ মার্কেটে যত বেশি লেনদেন সংগঠিত হয় তত বেশি মূলধনের প্রবাহ ঘটে এতে করে আর্থিক বাজার এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়। এটি সঞ্চয়কে বিনিয়োগে রূপান্তর করে বাজারের কার্যপরিধি বাড়ায় সেইসাথে সম্পদের সুযম ব্যবহারও নিশ্চিত করে।

ডেরিভেটিভ মার্কেটের দক্ষতা হলো কিছু কাজের সারাংশ। এটি সঠিক সময়ে সঠিক পন্য বা সম্পদের সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে বর্তমান নগদ বাজারের বিকল্প হিসেবে চুক্তিভিত্তিক ভবিষ্যৎ বাজার সৃষ্টি করে। এই দক্ষতা বিভিন্ন পক্ষ যেমন

প্রতিষ্ঠানের প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের সুবিধা যেমন বড় আকারের মূলধন কম খরচে সংগ্রহ সহ অন্যান্য স্বার্থ রক্ষার্থে কাজে লাগে।

ঝুঁকি বিষয়টা একটা দেশে ডেরিভেটিভ মার্কেট সৃষ্টির সাথে অর্থনৈতিক পরিস্থিতি খারাপ হওয়ার সম্ভাবনাকে ইংগিত করে। ডেরিভেটিভ মার্কেট ভালোমত নজরদারিতে রাখতে না পারলে তা পণ্যর দামের লাগামহীন উঠানামা সহ আর্থিক বাজারকে ব্যাপকভাবে অস্থির করে তুলতে পারে। যদিও তানহা এবং ডেমসে ২০১৭ সালে তাদের প্রকাশনায় দেখিয়েছেন পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট পক্ষগুলোর স্বার্থ রক্ষা করা সম্ভব হয়। ২০১৮ সালে সেভেনিজ এবং অন্যান্য গবেষণাগণ ৩২ টি উন্নত এবং উন্নয়নশীল দেশের মধ্য সমীক্ষা চালিয়ে দেখেছেন ২৯ টা দেশের অর্থনীতিতে ফিউচার মার্কেটের প্রত্যক্ষ প্রভাব রয়েছে। এরমধ্য মধ্যমায়ের দেশগুলোতে দীর্ঘমেয়াদী প্রভাব লক্ষ্যনীয় ছিল। অন্যদিকে খান ও অন্যান্যদের (২০১৭) গবেষণায় দেখা গেছে যেসমস্ত দেশের জিডিপি তুলনামূলকভাবে বেশি সেসমস্ত দেশের অর্থনৈতিক সমৃদ্ধির মূল ভিত্তি হিসেবে ফিউচার মার্কেটের ব্যাপক ভূমিকা রয়েছে। ডেরিভেটিভ মার্কেট মূলত নিম্নোক্তভাবে অর্থনৈতিক কর্মমচাঞ্চল্য সৃষ্টি করে থাকেঃ

ঝুঁকি ব্যবস্থাপনা

যেমনটি আগে উল্লেখ করা হয়েছে, ডেরিভেটিভের দাম তাদের অন্তর্নিহিত সম্পদের সাথে সম্পর্কিত। ঠিক এই কারণে এই ডেরিভেটিভ সম্পদের মালিকানার ঝুঁকি বাড়াতে বা কমাতে ব্যবহার করা যেতে পারে। উদাহরণস্বরূপ, একজন বিনিয়োগকারী একটি স্পট আইটেম কিনে এবং একটি ফিউচার চুক্তি বা কল বিকল্প বিক্রি করে তার ঝুঁকি কমাতে পারেন। এটা এভাবে কাজ করে। স্পট প্রাইসের পতন হলে, সংশ্লিষ্ট ফিউচার এবং অপশনস চুক্তিও পড়ে যাবে। উক্ত বিনিয়োগকারী কম দামে চুক্তিটি পুনরায় ক্রয় করতে পারেন, যার ফলে লাভ হবে। এটি স্পট আইটেমের ক্ষতি আংশিকভাবে কমাতে পারে। ডেরিভেটিভস মার্কেটে অনুমানের সহজতা স্পট মার্কেটে একটি অবস্থান বা একটি প্রত্যাশিত অবস্থান রক্ষা করতে চাওয়া একজন বিনিয়োগকারীর পক্ষে সহজ করে তোলে।

মূল্য আবিষ্কার


ডেরিভেটিভ মার্কেট মূল্যের তথ্য প্রদানের একটি গুরুত্বপূর্ণ উৎস হিসেবে কাজ করে। ডেরিভেটিভ ইন্সট্রুমেন্ট যেমন ফিউচার এবং ফরোয়ার্ডের ভবিষ্যৎ স্পট মূল্য অনুমান করতে এই তথ্য ব্যবহার করা যেতে পারে। আশারকথা হলো বেশিরভাগ ক্ষেত্রে এই তথ্য সঠিক এবং নির্ভরযোগ্য হয়। আর এইজন্য ফিউচার এবং ফরোয়ার্ড মার্কেট মূল্য আবিষ্কার প্রক্রিয়ায় বিশেষভাবে ভূমিকা রাখে।

তারল্য

ডেরিভেটিভ মার্কেটে স্পট মার্কেটের চেয়ে বেশি তারল্য রয়েছে। তাই লেনদেনের খরচ কম। এর মানে হল ডেরিভেটিভ মার্কেটে ব্যবসায়ীদের কমিশন এবং অন্যান্য খরচ কম। অধিকন্তু, যেখানে সাধারণ শেয়ার বাজারে শর্ট সেল করা নিষিদ্ধ বা নিরুৎসাহিত করা হয় সেখানে ডেরিভেটিভ মার্কেটে এটি অনেক সহজ ও লাভজনকও বটে।

অতএব, সঠিক ঝুঁকি ব্যবস্থাপনা, স্বচ্ছ মূল্য আবিষ্কার প্রক্রিয়া, তারল্য এবং তুলনামূলক কম খরচের কারণে ডেরিভেটিভ মার্কেট গতানুগতিক সাধারণ শেয়ার বাজার থেকে অধিকতর কার্যকর।

সাধারণত একটি দক্ষ বাজারে, একটি পণ্যের মূল্য নির্ধারণের জন্য প্রাসঙ্গিক সমস্ত তথ্য বর্তমান বাজার মূল্যে প্রতিফলিত হয়। আর্থিক ডেরিভেটিভগুলি একটা দক্ষ পুঁজিবাজার সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাম্প্রতিক বছরগুলিতে সৃষ্ট ডেরিভেটিভ পণ্যগুলি বিভিন্ন দেশের অর্থনৈতিক দক্ষতা বাড়িয়েছে বহুগুণ। এটা স্পষ্টতই সত্য যে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য একটি স্থিতিশীল ও দক্ষ পুঁজিবাজার অনিবার্য। ডেরিভেটিভ মার্কেট এখন বিশ্বের নেতৃস্থানীয় অর্থনীতিতে আর্থিক ব্যবস্থার একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে।



যত বড় মার্কেট তত বেশি লেনদেন, লাভ, এবং তারল্য সেইসাথে একটি পুঁজিবাজারকে আরও কার্যকর, পরিশীলিত, এবং দ্রুত পরিবর্তনশীল প্রতিযোগিতামূলক বিশ্বের কাছে গ্রহণযোগ্য করে তুলে। বর্তমান সময়ের ডেরিভেটিভ পণ্যগুলো কয়েক দশক আগের পণ্যগুলো থেকে যথেষ্ট জটিল এবং ব্যাপক।

সুতরাং একটি অর্থনীতি যদি পরিবর্তিত প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে মানিয়ে নিতে চায়, তবে তার আর্থিক স্থিতিশীলতা, ঝুঁকি বন্টন এবং বাজারের দক্ষতা বিবেচনা করা উচিত। এখানে ডেরিভেটিভস বাজারের প্রবর্তন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হিসাবে প্রমাণিত হতে পারে। ডেরিভেটিভগুলি বিভিন্ন উপায়ে বাজারের দক্ষতা উন্নত করতে সাহায্য করে যেমন কৃষক, তেল প্রস্তুতকারক কোম্পানি, ব্যাংকসহ অন্যান্য প্রতিষ্ঠানের জন্য সুদের হারের ঝুঁকি ইত্যাদি হ্রাস করে। ব্যবহারকারীরা ডেরিভেটিভের মাধ্যমে বিনিময় এবং সুদের হার, ইকুইটি এবং পণ্যের দামের ওঠানামার বিরুদ্ধে প্রতিরক্ষা বলয় সৃষ্টি করতে পারে। হালে বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, কেন্দ্রীয় ব্যাংক, তহবিল ব্যবস্থাপক, বীমা কোম্পানী এবং অন্যান্য অনার্থিক প্রতিষ্ঠান এখন ব্যাপকভাবে ডেরিভেটিভ পণ্য বিনিয়োগ করছে।

একটি শক্ত আর্থিক বাজার একটি অর্থনীতির পূর্বশর্ত হিসাবে বিবেচিত হয়। এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে আমাদের স্বাধীনতার পঞ্চাশ বছর পরেও, আমরা এখনও একটি দক্ষ আর্থিক বাজারের বিকাশের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে রয়েছি। বাংলাদেশের আর্থিক বাজারও তেমন পাকাপোক্ত নয়। এখানে আলাদা কোনো বন্ড মার্কেট নেই। সেকেন্ডারি মার্কেটে খুব কম বন্ড লেনদেন হয়। অন্যদিকে পুঁজিবাজার এখনো মানুষের কাছে বিনিয়োগের আস্থার কেন্দ্রস্থল হতে পারেনি। এই অবস্থায়, একটি আর্থিক ডেরিভেটিভ বাজার প্রতিষ্ঠা কিছুটা হলেও সহায়ক ভূমিকা পালন করতে পারে।

বিনিয়োগকারী, সুরক্ষা প্রদানকারী (হেজার্স) এবং সালিশকারীরা হলো আর্থিক বাজারের প্রধান অংশগ্রহণকারী। তারা আর্থিক বাজারকে অধিকতর তরল করতে সাহায্য করে। বর্তমানে বিনিয়োগ ও বাণিজ্যের ক্ষেত্রে হেজিং খুবই সাধারণ একটা বিষয়। হেজার্সরা প্রায়শই তাদের ঝুঁকি অন্যদের কাছে স্থানান্তর করতে চায়। বাজারে ফটকাবাজদেরও প্রয়োজন যারা কিনা ঝুঁকি

নিয়ে মুনাফা করতে চায়। অনেক অর্থনীতিবিদ বিশ্বাস করেন যে, সঠিক অনুমান দক্ষতা পুরো বাজারের ঝুঁকি কমাতে সক্ষম। তাই আর্থিক বাজারের সুষ্ঠু বিকাশের জন্য হেজার্স এবং ফটকাবাজদের অবদান খুবই গুরুত্বপূর্ণ। বিনিয়োগকারীরা ডেরিভেটিভগুলিকে তাদের বিনিয়োগের ঝুঁকি পরিবর্তনের উপাদান হিসেবে ব্যবহার করে। তাই বাংলাদেশের পুঁজিবাজারকে আরো শক্তিশালী ও বৈচিত্র্যময় করতে একটি আর্থিক ডেরিভেটিভ মার্কেট স্থাপন অতি জরুরি হয়ে পড়েছে।

অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশের পুঁজিবাজার এখনো জোরালো ভূমিকা রাখার পর্যায়ে যেতে পারেনি। বড় বড় ব্যবসায়ীরা সহজেই সিডিকেট গঠন করে বাজারে কারসাজি করতে পারে বিধায় এটি এখনো অস্থির থাকে। তদন্ত কমিটির রিপোর্ট অনুসারে ১৯৯৬ এবং ২০১০-১১ সালের দুটি বড় ধসে এই ধরনের সিডিকেশন এবং ম্যানিপুলেশনের প্রমাণ মেলে। বিনিয়োগকারীদের অসচেতনতা, যথেষ্ট নজরদারীর অভাব, সিডিকেটের দৌরাভ্য, দামের কৃত্তিম উত্থান ইত্যাদি চূড়ান্ত পতনের কারণ হিসেবে চিহ্নিত হয়েছিল। তাই বাংলাদেশের আর্থিক বাজারকে আরও শক্তিশালী করতে বাজারে অংশগ্রহণকারীদের পাশাপাশি আর্থিক উপকরণের সংখ্যা বাড়ানোর বিকল্প নেই। যদি সাধারণ বিনিয়োগকারীরা তাদের ঝুঁকি পরিবর্তন করার জন্য ডেরিভেটিভ পণ্য পায়, তাহলে তারা স্বাভাবিকভাবে তাদের স্বল্প সঞ্চয় বাজারে নিয়ে আসতে আগ্রহী হবে। আসলে মানুষ বাজারে আসতে চায় কিন্তু ক্ষুদ্র বিনিয়োগকারীদের অনুপ্রাণিত করার জন্য বাংলাদেশ একটি ভালো প্ল্যাটফর্ম তৈরি করা প্রয়োজন। সাধারণ শেয়ার বাজারের পাশাপাশি, ডেরিভেটিভ বাজারের উপস্থিতি দেশের অর্থনীতিকে কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে যেতে বলিষ্ঠ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

বাংলাদেশ প্রেক্ষাপট

সম্প্রতি দেশের দ্বিতীয় বৃহত্তম শেয়ার বাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই) কে কমোডিটি এক্সচেঞ্জ চালুর প্রাথমিক অনুমোদন দিয়েছে বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। এই নিয়ে সম্প্রতি ভারতের মুম্বাইভিত্তিক কমোডিটি এক্সচেঞ্জ মাল্টি কমোডিটি এক্সচেঞ্জের (এমসিএক্স) সঙ্গে সিএসইর চুক্তি স্বাক্ষর হয়েছে। ক্রেতা ও বিক্রেতার সম্মিলনে বাজারে নিত্যপণ্য ও ভোগ্যপণ্য কেনাবেচা হয়। সাধারণত খুচরা ও পাইকারি বাজারে ক্রেতা ও বিক্রেতার সমাগম বেশি দেখা যায়। এসব ছোট-বড় বাজারগুলো কমোডিটি মার্কেট হিসেবে পরিচিত। চট্টগ্রামের খাতুনগঞ্জ বা রেয়াজুদ্দিন বাজার, ঢাকার কারওয়ান বাজার বা শ্যামবাজার এরূপ কিছু বড় কমোডিটি মার্কেট। তবে কমোডিটি এক্সচেঞ্জ এগুলো থেকে সম্পূর্ণ আলাদা। এটা অনেকটা শেয়ার বাজারের মতোই। শেয়ার বাজারে বহু কোম্পানি তাদের মূলধন সংগ্রহ করতে শেয়ার বিক্রি করে আর তা কিনে নেয় বিভিন্ন বিনিয়োগকারী। কমোডিটি এক্সচেঞ্জের ক্ষেত্রে শেয়ার নয়, কেনাবেচা হয় পণ্য। সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অধ্যাদেশ ১৯৬৯ অনুযায়ী; বনজ সম্পদ, মাছ, কৃষিপণ্য, খনিজ ও জ্বালানি, গবাদিপশু পণ্যসহ উৎপাদিত যেকোনো পণ্যই কমোডিটি এক্সচেঞ্জের আওতায় ক্রয়-বিক্রয় করা যাবে। এসব পণ্য কেনাবেচা বা লেনদেনের জন্য যে প্রতিষ্ঠান গঠন করা হবে, সেটিই কমোডিটি এক্সচেঞ্জ নামে পরিচিত হবে।

কমোডিটি এক্সচেঞ্জের পণ্যগুলো কৃষিপণ্য এবং অকৃষিপণ্য এই দুই ভাগে ভাগ করা হয়েছে। কৃষিপণ্যের মধ্যে রয়েছে নিত্যপণ্য, যেমন: চাল, ডাল, গম, পেঁয়াজ, আলু, ভোজ্যতেল, ফল, চা ইত্যাদি। অকৃষিপণ্যের মধ্যে রয়েছে জ্বালানি তেল, গ্যাস, স্বর্ণ, লোহা, কয়লা ইত্যাদি। বিশ্বব্যাপী কমোডিটি এক্সচেঞ্জে সবচেয়ে বেশি বিক্রি হওয়া ১০টি পণ্য হলো অপরিিশোধিত জ্বালানি তেল, প্রাকৃতিক গ্যাস, স্বর্ণ, রূপা, কপার, গম, তুলা, ভুট্টা, চিনি ও কফি। বাংলাদেশের মতো বৃহৎ বাজার বিবেচনায় এদেশে একটি কমোডিটি এক্সচেঞ্জের সম্ভাবনা অনেক। বাংলাদেশ অনেক পণ্য বিদেশ থেকে আমদানি করে আবার অনেক

পণ্য রপ্তানিও করে। এসব আমদানি-রপ্তানির প্রায় পুরোটাই ক্রেতা ও বিক্রেতার সরাসরি যোগাযোগের মাধ্যমে সম্পন্ন হয়। কমোডিটি এক্সচেঞ্জ চালু হলে বিশ্বের সব ক্রেতা বিক্রেতাকে ভারুয়াল মাধ্যমে পণ্য কেনাবেচার সুযোগ করে দেবে। এতে পণ্যমূল্যে ভারসাম্য নিশ্চিত হওয়ার পাশাপাশি বাজারে সিডিকেটভিত্তিক পণ্যমূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা ভেঙে দিতে কার্যকর ভূমিকা রাখবে এটি। সংগঠিত ও স্বচ্ছ বাজার সিডিকেট ও দামের কারসাজি কমাতে এ ধরনের এক্সচেঞ্জ মুখ্য ভূমিকা পালন করবে বলে মনে করছে স্টক এক্সচেঞ্জ। বাংলাদেশের ভোগ্যপণ্যের বাজারে স্থিতিশীলতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠার লক্ষ্যে কমোডিটি এক্সচেঞ্জ গঠন করা নিয়ে বেশ কয়েক বছর ধরেই আলোচনা চলছে। সিএসইর পরিচালনা পর্ষদ এমন একটি এক্সচেঞ্জ চালুর নীতিগত সিদ্ধান্ত নেয় ২০২১ সালের সেপ্টেম্বর মাসে। সিএসইর আবেদনের প্রেক্ষিতে নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি ২০২২ সালের মার্চ মাসে কিছু শর্তসাপেক্ষে কমোডিটি এক্সচেঞ্জ চালুর জন্য সিএসইকে অনুমতি দেয়। কমোডিটি এক্সচেঞ্জের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রধান শর্ত হলো প্রযুক্তিগত উন্নয়ন, উন্নত অবকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থা। গুণগতমান নিশ্চিত করার জন্য উপযুক্ত মানের ওয়্যারহাউজ ও কোল্ড স্টোরেজ স্থাপন করতে হয়। একইসাথে, ঐ ওয়্যারহাউজ ও কোল্ড স্টোরেজ থেকে বিশ্বের যেকোনো স্থানে যথাসময়ে পণ্য সরবরাহ নিশ্চিত করার ব্যবস্থা করতে হয়। এজন্য সড়ক থেকে বন্দর পর্যন্ত যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে হয়। আবার উন্নত দেশে বর্তমানে কমোডিটি এক্সচেঞ্জের লেনদেন ভারুয়াল প্ল্যাটফর্মে সম্পাদিত হয়। তাই দরকার পড়ে তথ্যপ্রযুক্তির উন্নতির। পাশাপাশি গুণগতমানের নিশ্চয়তা প্রদানে সং ও দক্ষ জনবলের প্রয়োজন।

কমোডিটি মার্কেট সফল হওয়ার পূর্বশর্ত

একটা দেশে কমোডিটি মার্কেট চালু করা সহজ কাজ নয়। উন্নয়নশীল দেশ যেমন ভারত এবং ইথিউপিয়া যারা ইতিমধ্যে কমোডিটি মার্কেট চালু করে সফল হয়েছে তার জন্য তাদেরকে তৃণমূল পর্যায় থেকেই প্রয়োজনীয় নীতি প্রণয়ন, জনগণের মধ্য আস্থা সৃষ্টি, কৃষি নীতিমালা পরিবর্তন সহ বিবিধ বিষয়ে প্রয়োজনীয় ভিত্তিমূলক কাজ করতে হয়েছে। বিভিন্ন গবেষনামূলক পত্রে একটা কমোডিটি মার্কেট সফল হওয়ার পেছনে নিম্নোক্ত মৌলিক উপাদানগুলোকে চিহ্নিত করা হয়েছেঃ

- ১) প্রমিত পণ্যের পর্যাপ্ত চাহিদা এবং সরবরাহ নিশ্চিত করা
- ২) পণ্যের প্রকৃত মূল্য নির্ধারণে স্বচ্ছ প্রক্রিয়া
- ৩) দামের ব্যাপক ব্যবধান
- ৪) একটা কার্যকর স্পট মার্কেট থাকা
- ৫) মূল্য নির্ধারণে ব্যাপক ব্যবধানের কারণ সম্পর্কে ধারণা
- ৬) বিভিন্ন ধরণ এবং শ্রেণীর অংশগ্রহণকারী যেমন ব্যংকার, উৎপাদনকারী, ব্যবসায়ী, ব্রোকার ইত্যাদি নিশ্চিত করা। এতে করে তারল্য নিশ্চিত হয়
- ৭) আন্তর্জাতিক সংস্থা যেমন বিশ্ব ব্যাংক, আই এম এফ এবং সরকারের সক্রিয় সহায়তা প্রয়োজন
- ৮) বিভিন্ন বেসরকারী সংস্থার ব্যাপক অংশগ্রহণ

৯) কমোডিটি মার্কেট ব্যবস্থাপনা কমিটির সফলতা

কেমন করছে পৃথিবীর বিভিন্ন কমোডিটি এক্সচেঞ্জ তা জানার জন্য সেন্টার ফর এনভাইরনম্যান্ট এন্ড পলিসির প্রফেসর ড. জুলিয়ান স্পেন্সার রোচ নয়টা এক্সচেঞ্জ বেছে নেন এবং কিছু সুনির্দিষ্ট বিষয় সম্পর্কে জানতে চান। নিচে উনার গবেষণার সারমর্ম দেখানো হলোঃ

প্রশ্নমালা	উত্তর								
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
বিক্রয় কি ক্রমবর্ধমান?	না	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
খোলা প্রক্রিয়ায় সুদের পরিমাণ নির্ধারন হয়?	না	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	হ্যাঁ
জননীতি প্রণয়ন করা হয়েছে?	না	হ্যাঁ	না	না	না	না	না	না	না
নতুন ধরনের চুক্তি সন্নিবেশিত হয়েছে?	না	না	না	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না
নীট মুনাফা কি বেড়েছে?	হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
সম্পদের উপর আয় কি বেড়েছে?	হ্যাঁ	না	না	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	না	হ্যাঁ	না
মূলধনের উপর আয় কি বেড়েছে?	হ্যাঁ	না	না	হ্যাঁ	না	না	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
বাজেটের প্রকৃত প্রয়োগ হয়?	না	হ্যাঁ	না	হ্যাঁ	হ্যাঁ	না	না	না	না
বাজারে কি নতুন সদস্য অন্তর্ভুক্ত হয়েছে?	না	হ্যাঁ	হ্যাঁ	না	না	হ্যাঁ	না	হ্যাঁ	না

উৎসঃ আফ্রিকান জার্নাল অফ এগ্রিকালচারাল এন্ড রিসোর্স ইকোনোমিক্স, ২(১)। পৃষ্ঠা ১২৭-১৩৯।

উপরোক্ত ফলাফলে দেখা যাচ্ছে কমোডিটি এক্সচেঞ্জগুলো ভালো-মন্দ মিশিয়ে কার্যক্রম পরিচালনা করছে। তবে উপরিলিখিত পূর্বশর্তগুলো পূরণ করতে পারলে অনায়াসে একটি এক্সচেঞ্জ সেবার মাগ অক্ষুণ্ণ রেখে লাভজনক খাতে পরিণত হতে পারে।

বাংলাদেশে ডেরিভেটিভের ঝুঁকি

প্রথমবারের মতো কিছু শুরু করার জন্য সবসময় কিছু বাধার মুখোমুখি হতে হয়। বাংলাদেশে ডেরিভেটিভস মার্কেট প্রতিষ্ঠার ক্ষেত্রে অবশ্যই কিছু অসুবিধার পাশাপাশি ঝুঁকিও রয়েছে। বাংলাদেশে ডেরিভেটিভস মার্কেট প্রতিষ্ঠার জন্য বেশকিছু লজিস্টিক সাপোর্ট দরকার। দেশে প্রচুর পেশাদারদের প্রয়োজন যারা বাজার ডিজাইন এবং নিয়ন্ত্রণ করতে পারে। আমরা জানি এটি আমাদের দেশের প্রায় সকল মানুষের জন্য একটি নতুন ধারণা। কারণ বাংলাদেশে এরকম তেমন কোনো বাজার নেই এবং এ কারণে এখানে অল্প সংখ্যক পেশাদার ও দক্ষতা রয়েছে। আমাদের বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে এই বিষয়ে বিশদভাবে পড়ানো হয়না এবং পর্যাপ্ত গবেষণা ও লেখালেখিও হয়না। এজন্য প্রথমদিকে ডেরিভেটিভ মার্কেট প্রতিষ্ঠার জন্য আমাদের বিদেশ থেকে পেশাদার এবং বিশেষজ্ঞ লোক নিয়োগ করতে হবে যদিও তা ব্যয়বহুল। আবার আমাদের দেশের শেয়ার বাজারের বিনিয়োগকারীরা অতটা শিক্ষিত বা সচেতনও নয় যার কারণে তারা ডেরিভেটিভস মার্কেটের পরিস্থিতি এবং কার্যক্রম সহজে বুজতে বা আয়ত্ত করতে পারবে না। শিক্ষিত হতে বা বাজার বুঝতে বেশ সময় লাগে। ডেরিভেটিভ বাজার চালুর প্রথম ধাপে একদল লোক অতিরিক্ত সুবিধা ভোগ করার সুযোগ পাবে যা অনাকাঙ্ক্ষিত। দেশের গণমাধ্যমগুলোকে ডেরিভেটিভ মার্কেট নিয়ে নেতিবাচক খবর উপস্থাপন থেকে বিরত থেকে বরং ইতিবাচক ও সচেতনতামূলক অনুষ্ঠান এবং খবর প্রচারে

অধিক মনোযোগী হতে হবে। একটি শক্তিশালী ডেরিভেটিভস মার্কেটের জন্য বিপুল সংখ্যক বিনিয়োগকারী প্রয়োজন যা দুঃখজনকভাবে বর্তমানে নেই।

শেয়ারবাজার ঝুঁকিপূর্ণ কিন্তু ডেরিভেটিভ মার্কেটে বিনিয়োগকারীরা একই সাথে নগদ এবং ডেরিভেটিভস পণ্যের বিভিন্ন সুযোগ সুবিধা কাজে লাগিয়ে তাদের বিনিয়োগে ঝুঁকির মাত্রাকে কমাতে পারে। বিশ্বের অন্যান্য পুঁজিবাজার এমনকি আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতেও ডেরিভেটিভস মার্কেট পুঁজিবাজারে বিনিয়োগকারীর ঝুঁকি কমিয়ে অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখছে। বাংলাদেশে ডেরিভেটিভস মার্কেট প্রবর্তন করা হলে এটি বিনিয়োগকারীদের ঝুঁকি হ্রাসের অন্যতম হাতিয়ার হিসেবে কাজ করবে। পুঁজিবাজারে বিনিয়োগকারীদের গুজবের উপর ভিত্তি করে বিনিয়োগের প্রবণতা কমে যাবে। বিভিন্ন ধরনের ফিউচার এবং অপশনের মাধ্যমে সমন্বয় করে একজন বিনিয়োগকারী উর্ধ্বমুখী ও নিম্নমুখী উভয় ধরনের বাজারেই মুনাফা করতে পারবে। পরিশেষে বলা যায় বাংলাদেশের পুঁজিবাজারকে অধিকতর শক্তিশালী করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে ডেরিভেটিভস মার্কেট উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশা করা যেতে পারে।

তথ্যসূত্রঃ

- ১) Lien, Donald, and Mei Zhang (2008). A survey of emerging derivatives markets. *Emerging Markets Finance and Trade*, 44(1), 39–69.
- ২) Haiss, Peter, and Bernhard Sammer (2010). The Impact of Derivatives Markets on Financial Integration, Risk, and Economic Growth.
- ৩) Tanha, Hassan, and Michael Dempsey (2017). Derivatives usage in emerging markets following the GFC: Evidence from the GCC countries. *Emerging Markets Finance and Trade* 53(2): 170–79.
- ৪) Sendeniz-Yüncü, İlkey, Levent Akdeniz, and Kür, sat Aydoğ an (2018). Do stock index futures affect economic growth? Evidence from 32 countries. *Emerging Markets Finance and Trade* 54(1), 410–29.
- ৫) Khan, Habib Hussain, Ali M. Kutan, Iram Naz, and Fiza Qureshi. 2017. Efficiency, growth and market power in the banking industry: New approach to efficient structure hypothesis. *North American Journal of Economics and Finance* 42(4), 531–45.

ড. ইমন কল্যাণ চৌধুরী

সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান

হিসাব বিজ্ঞান বিভাগ

সিআইইউ বিজনেস স্কুল

চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি

চট্টগ্রাম।

অর্থনৈতিক সংবাদ

বিশ্ববাজারে কমলেই দেশে জ্বালানি তেলের দাম সমন্বয়: প্রধানমন্ত্রী

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম কমা মাত্রই বাংলাদেশে সমন্বয় করা হবে বলে জানিয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সম্প্রতি গণভবনে আট বিভাগে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকদের সঙ্গে আলোচনাসভায় এ কথা বলেন তিনি। এসময় বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রেক্ষাপটে অন্যান্য দেশের মত বাংলাদেশও পরিস্থিতির শিকার হওয়ায় বিরোধীরা আন্দোলনের সুযোগ পেলেও তাদের বাধা না দেওয়ার আগের নির্দেশনার কথা আবারও তুলে ধরেন সরকারপ্রধান। জ্বালানি তেলের মূল্য প্রসঙ্গে তিনি বলেন, “যখনই বিশ্ববাজারে তেলের দাম কমবে আমরা সাথে সাথে এডজাস্ট (সমন্বয়) করব। সেটাও আমার নির্দেশ রয়ে গেছে। সেটা আমরা করে দিচ্ছি।” বিদ্যুতের ব্যবহার সীমিত করার তাগিদ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, “আর হয়ত কিছু কাল আমাদের কষ্ট করতে হবে। আমাদের বিশেষ করে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলো যখন এসে যাবে তখন আমাদের বিদ্যুতের সমস্যাটা অনেকটা দূর হবে।” তিনি আরও বলেন, “যদি এই করোনা, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ আর এই স্যাংশন-পাল্টা স্যাংশন না হত তাহলে আমাদের দেশ কখনই সমস্যায় পড়ত না। আমরা এগিয়ে যেতে পারতাম।” এর কারণ তুলে ধরে তিনি বলেন, যে বিষয়গুলোয় বাংলাদেশ আমদানিনির্ভর সেখানে সমস্যাটা দেখা দিচ্ছে। এমন প্রেক্ষাপটে তিনি সবাইকে যার যতটুকু জমি আছে তা ফসল উৎপাদনসহ কৃষিভিত্তিক কার্যক্রমে লাগাতে আহ্বান জানান।

সিএমএসএমই: ‘ক্লাস্টার’ অর্থায়নে নীতিমালা দিলো বাংলাদেশ ব্যাংক

প্রথমবারের মত নির্দিষ্ট একাধিক উদ্যোক্তাদের দলবদ্ধভাবে ব্যাংক ঋণ পাওয়া সহজ করতে সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি) খাতের জন্য ‘ক্লাস্টার’ (গুচ্ছ বা দলভুক্ত) এর সংজ্ঞা নির্ধারণ করে এ বিষয়ে সার্বিক নীতিমালা করা হয়েছে। সংজ্ঞায় বলা হয়েছে, সর্বোচ্চ পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের সুনির্দিষ্ট ভৌগোলিক সীমানায় অবস্থিত একই জাতীয় পণ্য উৎপাদন বা সেবা প্রদানে নিয়োজিত ৫০ বা ততোধিক উদ্যোগের সমষ্টিকে ক্লাস্টার হিসেবে বিবেচনা করা হবে। বাংলাদেশ ব্যাংক এরই মধ্যে এ নীতিমালা সব বাণিজ্যিক ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে। সার্কুলারে জামানতবিহীন ঋণ পাওয়ার বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে। ক্লাস্টার এর আওতায় নারী উদ্যোক্তারা জামানতবিহীন ২৫ লাখ টাকা পর্যন্ত ঋণ এবং শুধু ‘গ্যারানটিকে’ জামানত হিসেবে দিয়ে সর্বোচ্চ ৭৫ কোটি টাকা পর্যন্ত ঋণ নেওয়ার সুযোগ রাখা হয়েছে উদ্যোক্তাদের জন্য। ব্যাংকাররা বলছেন, নীতিমালার ফলে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের বেলায় সুবিধাভোগী উদ্যোক্তা ও খাতগুলোকে সুনির্দিষ্ট করতে পারবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো। চলতি বছরের ডিসেম্বর পর্যন্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মোট বিতরণ করা ঋণের ১০ শতাংশ ক্লাস্টার ভিত্তিক অর্থায়নে বরাদ্দের নির্দেশনাও দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

বৈদেশি মুদ্রায় বিনিয়োগে ঋণের সুদহার কমলো

বৈদেশিক মুদ্রায় স্বল্প মেয়াদে বিনিয়োগের ক্ষেত্রে আগের চেয়ে কম সুদে ঋণ নিতে পারবেন তৈরি পোশাকসহ রপ্তানি খাতের উদ্যোক্তারা। সব ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠানো বাংলাদেশ ব্যাংকের নির্দেশনায় বৈদেশিক মুদ্রায় বিনিয়োগে সুদহার ৫০ বেসিস পয়েন্ট কমানোর কথা জানানো হয়। কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনায় বলা হয়, লাইবর রেটের সঙ্গে সর্বোচ্চ ৩ শতাংশ হারে বার্ষিক সুদে ব্যবসায়ীদের ঋণ দেওয়া যাবে। আগে এই সুদ হার ছিল সাড়ে ৩ শতাংশ। লাইবর রেট হচ্ছে- ইংল্যান্ডের কোনো ব্যাংক অন্য কোনো ব্যাংককে যে সুদে ঋণ দেয় তার ৩ মাসের হারা বর্তমানে যা এসওএফআর নামে পরিচিত। নির্দেশনায় বলা হয়, বৈদেশিক মুদ্রায় বিনিয়োগে সংশ্লিষ্ট দেশের মুদ্রার সুদহারের সঙ্গে বার্ষিক সুদ সর্বোচ্চ ৩ শতাংশ যোগ করতে পারবে ব্যাংকগুলো। এছাড়া ডলারে বিনিয়োগের ক্ষেত্রে লাইবর রেট যতদিন কার্যকর রয়েছে ততদিন তা অনুসরণ করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের মুদ্রার সুদহারকে ‘বেঙ্কমার্ক রেট’ হিসেবে ধরা হবে বলেও জানায় বাংলাদেশ ব্যাংক।

কর্পোরেট সংবাদ

Credit Rating

IBBL2PBOND: Alpha Credit Rating Limited (AlphaRating) has rated IBBL 2nd Perpetual Mudaraba Bond as "AA+" along with a stable outlook based on audited financial statements of the Company as on December 31, 2021 and relevant qualitative information till July 27, 2022.

PUBALIBANK: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating of Pubali Bank Limited as "AA+" in the long term and "ST-1" in the short term along with a Stable outlook based on audited financial statements up to December 31, 2021; un-audited financials up to March 31, 2022 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

LRBDL: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating of Lub-rref (Bangladesh) Ltd. as "A" in the long term and "ST-3" in the short term along with a Stable outlook in consideration of audited financial statements up to June 30, 2021, un-audited financials up to March 31, 2022 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

SSSTEEL: Emerging Credit Rating Limited (ECRL) has assigned surveillance credit rating to S. S. Steel Limited as "A-" in the long term and "ST-3" in the short term along with a Stable outlook based on audited financial statements up to June 30, 2021 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

ALARABANK: Credit Rating Information and Services Limited (CRISL) has assigned the rating to Al-Arafah Islami Bank Limited as "AA" in the long term and "ST-2" in the short term along with a Stable outlook based on audited financial statements of the Company up to December 31, 2021 also unaudited financial statements up to March 31, 2022 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

PRIMEBANK: Emerging Credit Rating Limited (ECRL) has assigned the surveillance rating of Prime Bank Limited as "AA" in the long term and "ST-2" in the short term along with a Stable outlook based on audited financial statements of the Company up to December 31, 2021 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

ISLAMIBANK: Emerging Credit Rating Limited (ECRL) has assigned the initial credit rating of Islami Bank Bangladesh Limited as "AAA" in the long term and "ST-1" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to December 31, 2021 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

BRACBANK: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to BRAC Bank Limited as "AA+" in the long term and "ST-1" in the short term along with a Stable outlook in consideration of its audited financials up to December 31, 2021, unaudited financials up to March 31, 2022 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

CONFIDCEM: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (surveillance) of Confidence Cement Ltd. as "AA3" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2021, un-audited financial statements of March 31, 2022, Bank liability position as on April 30, 2022 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

SAIHAMTEX: National Credit Ratings Limited (NCR) has announced the Surveillance Entity Rating of Saiham Textiles Mills Limited as "AA" in the long term and "ST-2" in the short term along with a Stable outlook

based on audited financial statements of the Company as on June 30, 2021.

ISLAMIINS: ARGUS Credit Rating Services Limited (ACRSL) has announced the CPA rating of Islami Insurance Bangladesh Ltd. as "AA+" for long term and "ST-2" for short term in consideration of financials of the Company up to December 31, 2021 (audited), Q1FY22 (unaudited) and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

SHASHADNIM: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity rating (surveillance) of Shasha Denims Ltd. as "AA3" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2021, un-audited financial statements of March 31, 2022, Bank liability position as on May 31, 2022 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

Un-audited HY A/Cs

POPULARLIF: (Quarter 2) Popular Life Insurance Company Ltd. has informed that, Since actuarial valuation is done after year ending, EPS and NAV have not been calculated half yearly. NOCFPS was Tk. (34.09) for January-June 2022 as against Tk. (3.94) for January-June 2021. Excess of total expenses over total income of Life Revenue Account for Apr-June 2022 was Tk. 1369.58 million as against excess of total expenses over total income of Life Revenue Account for Apr-June 2021 was Tk. 555.38 million.

1STPRIMFMF: (Quarter 2) As per un-audited half yearly accounts of Prime Finance First Mutual Fund, EPU was Tk. 0.19 for April-June 2022 as against Tk. 0.21 for April-June 2021. EPU was Tk. 0.90 for January-June 2022 as against Tk. 0.49 for January-June 2021. NOCFPU was Tk. 0.11 for January-June 2022 as against Tk. 0.08 for January-June 2021. NAV per unit at market price was Tk. 14.57 as on June 30, 2022 and Tk. 15.17 as on December 31, 2021 and NAV per unit at cost price was Tk. 19.48 as on June 30, 2022 and Tk. 19.58 as on December 31, 2021.

UTTARABANK: (Quarter 2) As per un-audited half yearly accounts of Uttara Bank Ltd., Consolidated EPS was Tk. 1.57 for April-June 2022 as against Tk. 0.92 for April-June 2021; Consolidated EPS was Tk. 2.28 for January-June 2022 as against Tk. 1.57 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. (12.80) for January-June 2022 as against Tk. 1.96 for January-June 2021. Consolidated NAV per share was Tk. 29.88 as on June 30, 2022 and Tk. 27.74 as on June 30, 2021.

SBACBANK: (Quarter 2) As per un-audited Consolidated half yearly accounts of South Bangla Agriculture & Commerce Bank Limited, Consolidated EPS was Tk. 0.10 for April-June 2022 as against Tk. 0.16 for April-June 2021; Consolidated EPS was Tk. 0.32 for January-June 2022 as against Tk. 0.31 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. (1.13) for January-June 2022 as against Tk. (9.55) for January-June 2021. Consolidated NAV per share was Tk. 12.93 as on June 30, 2022 and Tk. 12.82 as on June 30, 2021.

NITOLINS: (Quarter 2) As per un-audited half yearly accounts of Nitol Insurance Company Limited, EPS was Tk. 0.42 for April-June, 2022 as against Tk. 0.73 for April-June, 2021; EPS was Tk. 1.07 for January-June, 2022 as against Tk. 1.37 for January-June, 2021. NOCFPS was Tk. 0.88 for January-June, 2022 as against Tk. (0.69) for January-June, 2021. NAV per share was Tk. 28.98 as on June 30, 2022 and Tk. 28.60 as on June 30, 2021.

SOUTHEASTB: (Quarter 2) As per un-audited half yearly accounts of Southeast Bank Ltd., Consolidated EPS was Tk. 1.26 for April-June 2022 as against Tk. 1.34 for April-June 2021; Consolidated EPS was Tk. 2.56 for January-June 2022 as against Tk. 2.56 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. 2.46 for January-June 2022 as against Tk. 8.93 for January-June 2021. Consolidated NAV per share was Tk. 26.88 as on June 30, 2022 and Tk. 27.97 as on June 30, 2021. NOCFPS decreased due to decrease of net interest receipt, increased of disbursement of loans, advances and withdrawal of customer deposit as compared to earlier period.

UCB: (Quarter 2) As per un-audited half yearly accounts of United Commercial Bank Ltd., Consolidated EPS was Tk. 0.68 for April-June 2022 as against Tk. 0.60 for April-June 2021; Consolidated EPS was Tk. 0.94 for

January-June 2022 as against Tk. 0.98 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. (9.65) for January-June 2022 as against Tk. (7.77) for January-June 2021. Consolidated NAV per share was Tk. 30.05 as on June 30, 2022 and Tk. 28.90 as on June 30, 2021.

UNIONCAP: (Quarter 2) As per un-audited half yearly accounts of Union Capital Ltd. Consolidated EPS was Tk. (3.95) for April-June 2022 as against Tk. (0.26) for April-June 2021; Consolidated EPS was Tk. (4.64) for January-June 2022 as against Tk. (0.84) for January-June 2021. Consolidated NOCFPS was Tk. 0.19 for January-June 2022 as against Tk. 0.23 for January-June 2021. Consolidated NAV per share was Tk. (8.54) as on June 30, 2022 and Tk. (3.91) as on December 31, 2021.

BDFINANCE: (Quarter 2) As per un-audited half yearly accounts of Bangladesh Finance and Investment Company Limited, Consolidated EPS was Tk. 0.38 for April-June 2022 as against Tk. 0.66 for April-June 2021; Consolidated EPS was Tk. 0.78 for January-June 2022 as against Tk. 1.11 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. 1.15 for January-June 2022 as against Tk. 1.43 for January-June 2021. Consolidated NAV per share was Tk. 16.94 as on June 30, 2022 and Tk. 17.46 as on June 30, 2021.

IDLC: (Quarter 2) As per un-audited half yearly accounts of IDLC Finance Ltd., Consolidated EPS was Tk. 1.05 for April-June 2022 as against Tk. 1.36 for April-June 2021; Consolidated EPS was Tk. 2.21 for January-June 2022 as against Tk. 2.49 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. (13.64) for January-June 2022 as against Tk. 7.56 for January-June 2021. Consolidated NAV per share was Tk. 41.17 as on June 30, 2022 and Tk. 40.39 as on December 31, 2021.

MTB: (Quarter 2) As per un-audited half yearly accounts of Mutual Trust Bank Limited, Consolidated EPS was Tk. 0.79 for April-June 2022 as against Tk. 0.29 for April-June 2021; Consolidated EPS was Tk. 1.50 for January-June 2022 as against Tk. 0.96 for January-June 2021. Consolidated NOCFPS was Tk. 4.86 for January-June 2022 as against Tk. (0.61) for January-June 2021.

